একাত্ম মানববাদ

পণ্ডিত দীনদয়াল উপাধ্যায়

ভারতীয় জনতা পার্টি, পশ্চিমবঙ্গ
৬, মুরলীধর সেন লেন,
কলকাতা-৭০০ ০৭৩

প্রকাশক ঃ
ভারতীয় জনতা পার্টির পক্ষে
প্রতাপ ব্যানার্জী,
সাধারণ সম্পাদক, পশ্চিমবঙ্গ

প্রকাশকাল ঃ ২০১৮, মহালয়া

মূল্য ঃ ৪০ টাকা মাত্র

মুদ্রক ঃ
আশুতোষ লিথোগ্রাফি
৬, ছিদাম মুদি লেন,
কলকাতা-৭০০ ০০৬

ভূমিকা

একাত্ম মানববাদ ভারতীয় জনতা পার্টির রাজনৈতিক দর্শন। পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় এই দর্শনের স্রষ্টা ছিলেন। যিনি ভারতীয় জনসংঘের সভাপতি ছিলেন, বর্তমানের ভারতীয় জনতা পার্টি পূর্বে ভারতীয় জনসংঘ নামে পরিচিত ছিল, যার স্থাপক ছিলেন ভারত কেশরী ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়।

১৯৬৫ সালে গোয়ালিয়রে ভারতীয় জনসংঘের প্রতিনিধি সভার অধিবেশনে দীনদয়ালজী একাত্ম মানববাদ আলোচনার জন্য উত্থাপন করেছিলেন এবং বিস্তারিত আলোচনার পর ঐ বছরেই বিজয়ওয়াড়া দলের সর্বভারতীয় সম্মেলনে তা গৃহীত হয়।

দীনদয়ালজী দেশের বিভিন্ন প্রান্তে অনুষ্ঠিত প্রশিক্ষণ শিবিরগুলোতে দলীয় কর্মীদের 'একাত্ম মানববাদ' দর্শন আলোচনা করে সকলকে ভবিষ্যৎ ভারতীয় রাজনৈতিক দর্শন সম্পর্কে অবহিত করেন। গত শতাব্দীর ষাটের দশকের শেষে তিনি কলকাতায় তিনদিনের এক শিবিরে পশ্চিমবঙ্গ, বিহার ও আসামের দলীয় নেতাদের কাছে 'একাত্ম মানববাদ'-এর বিষয়টা তুলে ধরেন। তিনি ঐসব বক্তৃতা হিন্দীতে করেছিলেন। পরবর্তীকালে Integral Humanism নাম দিয়ে ইংরাজীতে বই আকারে দলের পক্ষ থেকে তা প্রকাশ করা হয়। দলের বিশিষ্ট নেতা প্রয়াত হরিপ্রসন্ন মিশ্র এটি বাংলা ভাষায় অনুবাদ করেছিলেন। এবং ১৯৭৫ সালে এটি বাংলা ভাষায় প্রথম বই আকারে প্রকাশিত হয়।

বি.জে.পি.-র রাজনৈতিক দর্শনের মূল ভিত্তি হল—একাত্ম মানববাদ। আজকের সমস্যা জর্জরিত অশান্ত এই পৃথিবীতে মানুষ যখন 'সভ্যতার সংকট'-এর মুখোমুখি, আদর্শ, নৈতিকতা তথা মূল্যবোধগুলো যখন হারিয়ে যেতে বসেছে, তখন 'একাত্ম মানববাদ'-ই হতে পারে একমাত্র আলোকবর্তিকা—মানুষের মুক্তির পথ।

সারা বিশ্ব ধনতন্ত্র, রাজতন্ত্র এবং সমাজতন্ত্র বা কমিউনিজমকে প্রত্যাখ্যান করার ফলে এদেশের কমিউনিস্ট দলগুলোর হাঁসজারু অবস্থা, সমাজবাদীদের 'বৈপ্লবিক স্বপ্ন' দেখার দিন শেষ, কংগ্রেসের দেউলিয়াপনার পরিপ্রেক্ষিতে ভারতীয় জনতা পার্টির নীতিনিষ্ঠ রাজনীতিই একমাত্র পথ—যা একাত্ম মানববাদের শক্ত ভিত্তির ওপর দাঁড়িয়ে সঠিক দিশায় জনমানসকে পরিচালিত করে ধর্ম, অর্থ, কাম এবং মোক্ষকে সামনে রেখে ধর্মরাজ্য (Law of individual society) প্রতিষ্ঠার মাধ্যমে দেশকে শক্তিশালী করতে বদ্ধপরিকর।

ভারতীয় জনতা পার্টির প্রতি মানুষের আগ্রহ যত বাড়ছে, এই বইয়ের চাহিদাও তত বাড়ছে। সেই চাহিদা মেটাতেই এটি পূণর্মুদ্রণ করা হল। অনিচ্ছাকৃত ভুলভ্রান্তি হয়তো থেকে গেল। পরবর্তীতে সেগুলো সংশোধন করা হবে।

ভারতমাতা কী জয়। বন্দে মাতরম্।

৬, মুরলীধর সেন লেন,
কলকাতা-৭০০ ০৭৩
মহালয়া, ২০১৮

বিশ্বপ্রিয় রায়চৌধুরী
সহ-সভাপতি
ভারতীয় জনতা পার্টি, পশ্চিমবঙ্গ

ষষ্ঠ সংস্করণের ভূমিকা

একাত্ম মানববাদ ভারতীয় জনতা পার্টির মূল দর্শন। পঞ্চম সংস্করণে এমন কিছু মারাত্মক প্রমাদ ছিল, যার ফলে বাক্যের অর্থ পালটে যাচ্ছিল। এই সংস্করণে সেগুলি শুদ্ধ করে দেওয়া হলো। আজকের রাজনীতিতে একাত্ম মানববাদ প্রত্যেকটি মানুষের কাছে কত প্রয়োজনীয়, সেটুকু সবাই উপলব্ধি করলে; ঁপণ্ডিত দীনদয়াল উপাধ্যায়ের প্রতি আমাদের সশ্রদ্ধ প্রণাম জানানো সম্ভব হবে।

মহালয়া, ২০১৮

প্রতাপ ব্যানার্জী
রাজ্য সাধারণ সম্পাদক
ভারতীয় জনতা পার্টি, পশ্চিমবঙ্গ

যতদিন ভারতবর্ষ ব্রিটিশ শাসনাধীন ছিল ততদিন সমস্ত আন্দোলন ও রাজনীতির মূল লক্ষ্য ছিল ‘‘বৈদেশিক শাসনের অবসান এবং স্বাধীনতা অর্জন’’ কিন্তু নূতন ভারতবর্ষের রূপ কি হইবে এবং কোন পথে আমরা অগ্রসর হইব এই সকল প্রশ্ন তখন পূর্ণরূপে বিবেচিত হয় নাই। কিন্তু সেই সময়েও এমন লোক ছিলেন যাঁহারা এই প্রশ্ন বিবেচনা করিয়াছিলেন। গান্ধীজী তাঁহার ‘‘হিন্দী স্বরাজ’’ পুস্তকে স্বাধীন ভারত সম্পর্কে তাঁহার ধারণা ব্যক্ত করিয়াছিলেন। ইহার পূর্বে লোকমান্য তিলক তাঁহার ‘‘গীতারহস্য’’ পুস্তকে ভারতের পুনরুত্থানের দার্শনিক পটভূমিকা আলোচনা করেন। ইহাতে সমগ্র পৃথিবীর তদানীন্তন বিভিন্ন মতবাদের তুলনামূলক আলোচনাও করা হইয়াছিল।

এতদ্ব্যতীত কংগ্রেস ও অন্যান্য রাজনৈতিক প্রতিষ্ঠান বিভিন্ন সময়ে বিভিন্ন প্রস্তাবের মাধ্যমে এই সকল বিষয়ের আলোচনা করেন। কিন্তু সেই সময় যতটুকু চিন্তা করা হইয়াছিল তদপেক্ষা অনেক বেশী চিন্তা ও বিশ্লেষণের প্রয়োজন রহিয়াছে। তখন এই সকল বিষয়ে লোকের বিশেষ দৃষ্টি আকর্ষিত হয় নাই কারণ প্রত্যেকেই বিশ্বাস করিতেন যে ব্রিটিশ শাসনের অবসানের উপায় নির্দ্ধারণ মুখ্য উদ্দেশ্যে অন্যান্য বিষয় পরে নির্দ্ধারিত হইতে পারিবে। শুধুমাত্র আভ্যন্তরীণ বিষয়ের আলোচনায় কালক্ষেপ করা সেদিন উপযুক্ত বিবেচিত হইত না। সুতরাং আদর্শের পার্থক্য যদি থাকিয়াও থাকে তবে তাহা সাময়িক ভাবে এড়াইয়া যাওয়া হইত।

ফলস্বরূপ যাহারা মনে করিতেন যে সমাজতন্ত্রই ভবিষ্যৎ ভারতে ভিত্তি হইয়া প্রয়োজন তাঁহারাও কংগ্রেসের মধ্যেই সমাজতান্ত্রিক গোষ্ঠীরূপে কাজ করিয়াছিলেন কোন স্বতন্ত্র প্রতিষ্ঠান গঠনের চেষ্টা করেন নাই। বিপ্লবীরাও তাঁহাদের নিজস্ব পন্থায় স্বাধীনতা অর্জনের চেষ্টা করিতে ছিলেন। সকলেরই এক বিষয়ে একমত ছিলেন যে প্রথম কার্য্য ভারতের স্বাধীনতা অর্জন।

স্বাধীনতা লাভের পর স্বভাবতই এ প্রশ্ন আমাদের মনে জাগা উচিত ছিল যে এখন যখন আমরা স্বাধীন হইয়াছি তখন আমাদের প্রগতির বা বিকাশের লক্ষ্য কি হইবে? কিন্তু আশ্চর্যের বিষয় ইহাই যে এই বিষয়ে সুচিন্তিত কোন লক্ষ্য নির্দ্ধারিত হয় নাই এবং দেশ স্বাধীন হইবার সতের বৎসর পরেও আমরা বলিতে পারি না আমাদের লক্ষ্য বা উদ্দেশ্য কি?

ভারত কোন পথে?

বিভিন্ন সময়ে কংগ্রেসী ও অন্যান্যরা ‘‘কল্যাণকর রাষ্ট্র’’, ‘‘সমাজতন্ত্র’’ ‘‘উদারনৈতিকতা’’ ইত্যাদি তাঁহাদের লক্ষ্য বলিয়া ঘোষণা করিয়াছেন। ধুয়া তোলা ইহয়াছে ঠিকই কিন্তু যে আদর্শের কথা বলা হইয়াছে তাহা উপেক্ষিতই রহিয়া গিয়াছে। ইহা আমার নিজস্ব অভিজ্ঞতা। জনৈক বিশিষ্ট নাগরিক একদিন আমাকে বলিতেছিলেন যে কংগ্রেসের বিরুদ্ধে ভালোভাবে লড়াই করা যায়, আজকাল রাজনৈতিক দলগুলিও

এই কৌশলই অবলম্বন করিতেছে। সুতরাং তাহার পক্ষে এই প্রকার প্রস্তাব উত্থান কোন বিস্ময়ের বিষয় নহে। যাহা হউক, আমি তাঁহাকে প্রশ্ন করিলাম যে আমরা কর্মসূচী গ্রহণ করিব? যদি এই প্রকার সম্মিলিত ফ্রন্ট গঠিত হয় তবে তাহার কর্মসূচী বা কার্য্যক্রমের ধারণা অবশ্য থাকা প্রয়োজন। আমাদের অর্থনীতি কি হইবে? আমাদের বৈদেশিক নীতিই বা কি হইবে?

"এজন্য চিন্তা করিবেন না। আপনি যে নীতি ইচ্ছা তাহাই গ্রহণ করিতে পারেন। আমরা চরম সাম্যবাদ হইতে পুঁজিবাদ পর্য্যন্ত যে কোন কর্মসূচি সমর্থনে প্রস্তুত।" তিনি এমন অবলীলাক্রমে এই উত্তর দিলেন যেন ইহাই স্বাভাবিক। তাঁহার কোন নীতি গ্রহণের অসুবিধা নাই। একমাত্র উদ্দেশ্য হইলেন যেন তেন প্রকারেণ কংগ্রেসকে পরাজিত করা। এখনও অনেকে আছেন যাঁহারা মনে করেন যে কম্যুনিস্ট ও অন্যান্যদের সহযোগিতাতেও কংগ্রেসকে পরাজিত করা প্রয়োজন।

এই সকল নির্বাচনে কম্যুনিষ্ট, মুসলিম লীগ, স্বতন্ত্র পার্টি, এস.এসপি., বিদ্রোহী কংগ্রেস, আর. এস. পি প্রভৃতি যুগ্ম অথবা বহুমুখী মৈত্রীতে আবদ্ধ হইয়াছেন। ফলস্বরূপ একথা চিন্তা করা দুরূহ যে এই সকল দলের কোন একটির কোন নির্দ্দিষ্ট আদর্শ আছে।

কংগ্রেসেরও ঠিক একই অবস্থা। যদিও কংগ্রেস লক্ষ্য হিসাবে গণতান্ত্রিক সমাজতন্ত্রের কথা বলে তথাপি বিভিন্ন নেতার আচরণে একটি জিনিষেই প্রমাণিত হয় যে কংগ্রেসের কোন নির্দ্দিষ্ট নীতি বা নির্দ্দিষ্ট উদ্দেশ্য নাই। কংগ্রেসের মধ্যে গোঁড়া কম্যুনিস্টরা আছেন। আবার সেখানে এমন লোকও আছেন যাহারা পুঁজিবাদে বিশ্বাসী ও উগ্র কম্যুনিষ্ট বিরোধী। কংগ্রেসে আজ সকল মতের লোকের ভীড় দেখা যাইতেছে। যদি এমন কোন যাদু বাক্স থাকে যাহাতে সাপ ও বেজী একত্র বাস করে তবে তার নাম কংগ্রেস।

আমাদের চিন্তা করিতে হইবে যে আমরা এই অবস্থায় প্রগতির পথে অগ্রসর হইতে পারিব কিনা? যদি আমরা আমাদের দেশের বর্তমান সমস্যাগুলির কারণ নির্দ্ধারণ করিতে চাই তবে দেখিব যে আমাদের আদর্শ ও লক্ষ্য সম্বন্ধে দ্বিধাগ্রস্তরা এই বিশৃঙ্খলার মূল কারণ। আমার একথা বুঝি যে ভারতবর্ষের একশত পঁচিশ কোটি লোকের কোন একটি বিষয়ে একমত হওয়া সম্ভবপর নয়। ইহা কোন দেশেই হয় না। তথাপি প্রত্যেক জাতির একটি সাধারণ আশা আকাঙ্খা থাকে। যদি এই সাধারণ আকাঙ্খাকে ভিত্তি করিয়া লক্ষ্য নির্ধারনের চেষ্টা হয় তবেই সাধারণ মানুষ অনুভব করে যে জাতি ঠিক পথে অগ্রসর হইতেছে। ইহা দ্বারাই একতার মনোভাব সৃষ্টি হয়। এই কথার সত্যতা গত ১৯৬২ সালের চীনা আক্রমণের সময় প্রমাণিত হইয়াছে। সমগ্র দেশে বিরাট উৎসাহ ও উদ্দীপনার সঞ্চার হইয়াছিল। সক্রিয়তা ও স্বার্থত্যাগে বিপুল ভাবে প্রকার হয় এবং সরকার ও বিভিন্ন রাজনৈতিক প্রতিষ্ঠানের মধ্যে সেদিন বিশেষ কোন পার্থক্য ছিল না। ইহা কি প্রকারে ঘটিল? বৈদেশিক ভ্রুকুটি আমাদের নিজেদের আত্ম উপলব্ধির সহায়ক

হয় এবং সমগ্র জনমানসের আকাঙ্খার অনুকূল নীতি সরকারকে গ্রহণ করতে বাধ্য করে। সমগ্র দেশে আত্মমর্য্যাদাবোধ জাগ্রত হইয়া উঠে।

আমাদের সম্যস্যার মূল-আত্ম উদাসীনতা

আমাদের জাতীয় বৈশিষ্ট্য সম্পর্কে আমাদের সচেতন হওয়া প্রয়োজন। এই বৈশিষ্ট্যের কথা চিন্তা না করিলে স্বাধীনতা অর্থহীন হইয়া পড়ে। ইহার অভাবে স্বাধীনতা কখনই সমৃদ্ধি বা সুখের আস্বাদ দিতে পারে না। যতদিন পর্য্যন্ত আমরা আমাদের জাতীয় বৈশিষ্ট্য সম্পর্কে অবহিত না হইব, ততদিন আমরা আমাদের উন্নতি সাধন করিতে পারিব না। বৈদেশিক শাসনে এ স্বকীয় সত্বাকে দাবাইয়া রাখা হয়। এই কারণে লোকে স্বাধীনতা অর্জন করিতে চাহে, যাহাতে তাহারা তাহাদের স্বাভাবিক প্রবণতা ও চেষ্টায় সুখ ও সমৃদ্ধির অধিকারী হয়।

প্রকৃতি আজও শক্তিশালী। প্রকৃতির বিরুদ্ধে যাইবার চেষ্টা করিলে বা তাহাকে অবহেলা করিলে বিপর্য্যয় ঘটে। স্বাভাবিক প্রকৃতিকে অস্বীকার করা যায় না কিন্তু ইহার উৎকর্ষ সাধন দ্বারা সংস্কৃতিতে রূপান্তরিত করা সম্ভব। মনস্তত্বে আমরা দেখি যে স্বাভাবিক প্রবৃত্তিকে দাবাইয়া রাখার চেষ্টার ফলে মস্তিস্কের বিকার ঘটে। এই প্রকার ব্যক্তি অস্থির ও হতাশ হইয়া পড়ে। জাতিরও ব্যক্তির মত স্বাভাবিক প্রবৃত্তি দাবাইয়া রাখার চেষ্টা হইলে বিকৃতি ঘটিয়া তাহাতে বহু ব্যাধি দেখা দেয়। ভারতে যে বর্তমান সমস্যা তাহার মূল কারণ তাহার স্বকীয় (বৈশিষ্ট) বা স্বাভাবিক প্রকৃতির প্রতি ঔদাসীন্য।

সুবিধাবাদ জনমনে অবিশ্বাস জাগাইতেছে

যাঁহারা আজ জাতিকে পরিচালিত করিতেছেন বা যাহারা আজ দেশের বিভিন্ন রাজনৈতিক বিষয়ে অংশগ্রহণ করিতেছেন, তাঁহাদের অধিকাংশ এই মূল কারণ সম্বন্ধে অবহিত নন। ফলে আদর্শহীন সুবিধাবাদীরা রাজনৈতিক ক্ষেত্রেও দেশের মধ্যে প্রতিষ্ঠা লাভ করিতেছে। দল ও নেতাদের না আছে কোন উদ্দেশ্য বা আদর্শ, না আছে কোন চরিত্রবত্তা। একজন লোক এক দল ছাড়িয়ে অপর দলে যোগদান করিতে বিন্দুমাত্র কুণ্ঠাবোধ করে না। এমন কি দলিয় মৈত্রী বা দলভুক্তি কোন আদর্শের বিচারে হয় না হয় ক্ষমতালোভে ও নির্ব্বাচনে সাফল্যের আশায়। ১৯৩৯ সালে শ্রী হাফিজ মহম্মদ ইব্রাহিম মুসলিম লীগ মনোনীত প্রার্থী হিসাবে নির্বাচিত হন। পরে যখন তিনি কংগ্রেসে যোগদান করিলেন তখন তিনি নীতিগতভাবে পদত্যাগ করিয়া কংগ্রেস টিকিটে নির্বাচন প্রার্থী হইলেন। ১৯৮৪ সালে যখন সামজতন্ত্রীরা কংগ্রেস ত্যাগ করিলেন তখন তাঁহারও সকলে পদত্যাগ করিয়া পুনরায় নির্বাচন প্রার্থী হইলেন। কিন্তু ইহার পর এই সৎ আদর্শ বিসর্জিত হইয়াছে। এখন রাজনীতিকে যেন অবাধ "লাইসেন্স" দেওয়া হইয়াছে। ফলে জনমনে সকলের প্রতিই অবিশ্বাস জাগিতেছে। খুব কম লোকই আছেন যাহাদের সততা

ও আদর্শ নিষ্ঠায় আজ লোকে বিশ্বাস করে। এই অবস্থার পরিবর্তন অবশ্যই প্রয়োজন, অন্যথায় সমাজে ঐক্য ও নিয়মানুবর্তিতা কখনই প্রতিষ্ঠিত হইবে না।

আমাদের লক্ষ্য কি হইবে?

বর্তমানে সমগ্রজাতি সম্পূর্ণ দ্বিধাগ্রস্ত। কিছু লোকের মতে আমরা হাজার বৎসর পূর্বে যেখানে ছিলাম (অর্থাৎ যখন বৈদেশিক আক্রমণ প্রথম আমাদের জীবনযাত্রা বির্পয্যস্ত করে) সেইখান হইতে পুনরায় আরম্ভ করা উচিত। কিন্তু জাতি একটি বস্তুখন্ডের মত নির্জীব পদার্থ নহে যে তাহা যতদিন খুশী ফেলিয়া রাখিয়া পরে ব্যবহার করা যাইবে। এতদ্ব্যতীত একথা বলাও ঠিক হইবে না যে হাজার বৎসরের বৈদেশিক শাসন আমাদের জাতীয় জীবনস্রোতে এমন বাধার সৃষ্টি করে যে আমরা এই হাজার বৎসর সম্পূর্ণ অনড় বা নিস্কর হইয়াছিলাম। জাতি অবশ্যই এই পরিবর্তিত পরিস্থিতিতে তাহার প্রতিভা দ্বারা এই 'চ্যালেঞ্জের' মোকাবিলা করিয়াছে। আমরা আমাদের জীবনের বিকাশ এবং বৈদেশিক শাসন হইতে মুক্ত হইবার জন্য নিরলস সংগ্রাম করিয়া আসিয়াছি। আমাদের জাতীয় জীবন স্রোত কখনও রুদ্ধ হয় নাই। গঙ্গার জলস্রোতকে পিছনে লইয়া যাওয়া সম্ভবপর নহে। কাশীর গঙ্গার জল হরিদ্বারের মত স্বচ্ছ না হইতে পারে তথাপি ইহা সেই পবিত্র গঙ্গা। ইহার মধ্যে বহু উপনদী ও খালবিল আসিয়া মিশিয়াছে কিন্তু তাহাদের আর কোন স্বতন্ত্র সত্বা নেই। গঙ্গার জলস্রোত অবিরাম বহিয়া চলিয়াছে। জাতির ক্ষেত্রেও এই সত্য প্রয়োজ্য।

এতদ্ব্যতীত পৃথিবীতে আরও বহু জাতি আছে। তাহারা বিগত সহস্রবর্ষে প্রভূত উন্নতি করিয়াছে। আমাদের তখন সকল শক্তি ও লক্ষ্য স্বাধীনতা অর্জন নব নব বৈদেশিক আক্রমণ প্রতিরোধে নিয়োজিত ছিল। এই সময়ে বিশ্বের প্রগতিতে স্বভাবতঃই আমাদের অবদান কম। এখন আমরা যখন স্বাধীন হইয়াছি তখন যতশীঘ্র সম্ভব বিশ্বের প্রগতিশীল জাতিগুলির সহিত কাঁধে কাঁধ মিলাইয়া অগ্রসর হইবার জন্য কি সচেষ্ট হইতে হইবে না।

এ পর্য্যন্ত কোন মতভেদের অবকাশ নাই। আসল অসুবিধা হয় যখন আমরা পাশ্চাত্য জাতিগুলির অগ্রগতি ও ইহার ফলাফল সম্পর্কে বিচারে অক্ষম হই। ইহাতে আরও জটিলতা সৃষ্টির কারণ পাশ্চাত্যের প্রতিনিধিস্বরূপে ব্রিটিশরা এই দেশ দুই শত বৎসর শাসন করিয়াছে এবং এই সময়ে তাহারা যে সকল ব্যবস্থা গ্রহণ করিয়াছে যাহাতে ধীরে ধীরে জনমনে ভারতীয় সকল আদর্শের প্রতি উপেক্ষা ও পাশ্চাত্যের সব কিছু প্রতি শ্রদ্ধার ভাব জাগ্রত হয়। পাশ্চাত্য বিজ্ঞানের সঙ্গে সঙ্গে আমরা তাহাদের জীবনযাপন প্রণালী, আচরণ, খাদ্যভ্যাস প্রভৃতিও গ্রহণ করিয়াছি। বিজ্ঞান বা কারিগরী শিক্ষার সহিত পাশ্চত্যের সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক মতবাদও আমাদের বিচারের ভিত্তি হইয়া দাঁড়াইয়াছে। বর্তমানের শিক্ষিত সমাজের প্রতি দৃষ্টিপাত করিলে এই সত্য উপলব্ধি

করা যাইবে। আমাদের চিন্তা করিতে হইবে যে ইহার পরিণাম ভাল না মন্দ হইবে? আমরা ব্রিটিশ রাজত্বকালে বিদেশী বস্তু বর্জন করিয়াছি কিন্তু বিস্ময়ের বিষয় এই যে ব্রিটিশ শাসন অবসানের পর তাহাদের অন্ধ অনুকরণটি যেন অগ্রগতির প্রমাণ বলিয়া বিবেচিত হইতেছে। ইহা সত্য যে ক্ষুদ্র দৃষ্টিভঙ্গী দ্বারা জাতীয় প্রগতি ব্যবহত করা অনুচিত, কিন্তু একথাও বুঝিতে হইবে যে পাশ্চাত্য বিজ্ঞান ও পাশ্চাত্যের জীবনযাত্রা পদ্ধতি এক নহে। পাশ্চাত্যের বিজ্ঞান বিশ্বের সকলের সহিত আমাদেরও গ্রহণ করার আবশ্যকতা আছে। কিন্তু পাশ্চাত্যের জীবনযাত্রার আদর্শ বা পদ্ধতি সম্পর্কে সেকথা কখনই প্রযোজ্য নহে। প্রকৃতপক্ষে পাশ্চাত্যের অন্ধ অনুকরণ অবশ্যই বন্ধ করিতে হইবে। এদেশে এমন অনেক লোক আছেন যাহারা পাশ্চাত্যের অর্থনৈতিক ও রাজনৈতিক মতবাদকে প্রগতির দিশারী বলিয়া মনে করেন এবং আমাদের দেশে সেই সকল মতবাদ আমদানী ও প্রতিষ্ঠা করিতে চাহেন। সুতরাং আমরা যখন আমাদের দেশকে কিভাবে উন্নত করিতে পারি তাহার উপায় নির্দ্ধারণের চেষ্টা করিতেছি, তখন আমাদের পশ্চিমের বিভিন্ন অর্থনৈতিক ও রাজনৈতিক আদর্শ এবং তাহার বর্ত্তমান পরিস্থিতি অবশ্যই বিবেচনা করিতে হইবে।

পাশ্চাত্য জাতিগুলোর উত্থান

যে সকল মতবাদ পাশ্চাত্য জনমনে বিশেষ প্রভাব বিস্তার করিয়াছে তাহার মধ্যে প্রধান তিনটি-জাতীয়তাবাদ (Nationalism), গণতন্ত্র (Democracy) এবং সমাজতন্ত্র (Socialism)। এই সঙ্গে কিছু কিছু লোক, যাহারা বিশ্ব ঐক্য ও বিশ্ব শান্তির কথা বলেন, তাহারও রহিয়াছেন।

ইহাদের মধ্যে জাতীয়তাবাদ সর্বাপেক্ষা প্রাচীন ও সর্বাপেক্ষা শক্তিশালী। রোমান সাম্রাজের পতন এবং ক্যাথিলিক চার্চের প্রভাব কমিয়া গেলে ইউরোপে বিভিন্ন জাতির অভ্যুত্থান ঘটে। ইউরোপের বিগত সহস্র বর্ষের ইতিহাস বিভিন্ন জাতির উত্থান ও সংঘর্ষের ইতিহাস। এই সকল জাতি ইউরোপ মহাদেশের বাহিরে তাহাদের সাম্রাজ্য বিস্তার করে এবং অন্যান্য স্বাধীন রাষ্ট্রকে পদানত করে। জাতীয়তাবাদ জাতি ও রাষ্ট্রকে এক করিয়া একজাতীয় রাষ্ট্রে পরিণত করে সঙ্গে সঙ্গে রোমার ক্যাথলিক চার্চের প্রভাব কমিবার ফলে ক্ষুদ্র ক্ষুদ্র ন্যাশনাল চার্চের প্রতিষ্ঠা অথবা রাজনীতিক্ষেত্রে ধর্মের প্রভাবের অবসান ঘটে। এই অবস্থার মধ্যেই 'সেকুলার' বা ধর্মনিরপেক্ষ রাষ্ট্রের আদর্শ সৃষ্টি হয়।

ইউরোপে গণতন্ত্রের জন্ম

ইউরোপের রাজনৈতিক জীবনে যে বৈপ্লবিক আদর্শ বিরাট প্রভাব সৃষ্টি করে তাহা গণতান্ত্রিক আদর্শ। গোড়ার দিকে প্রত্যেক জাতির প্রধানরুপে একজন রাজা ছিল। কিন্তু ক্রমশ রাজাদের স্বেচ্ছাচারিতা সম্পর্কে জনমনে বিরূপ ধারণার সৃষ্টি হইতে থাকে।

শিল্পবিপ্লব এবং আন্তর্জাতিক বাণিজ্য প্রত্যেক জাতির মধ্যে এক শক্তিশালী ব্যবসায়ী সমাজের সৃষ্টি করে। স্বভাবতই এই নতুন রাজনৈতিক অধিকারের দাবীদারগণের সহিত রাজা ও ভূস্বামীগণের সংঘর্ষ ঘটে। এই সংঘর্ষ আদর্শগতভাবে গণতন্ত্রকে তাহাদের দার্শনিক ভিত্তি হিসাবে গ্রহণ করে। গণতন্ত্র প্রথম গ্রীসের নগর রাজ্য City States গুলির মধ্যে প্রবর্তিত হয়। সাধারণ মানুষ সাম্য, মৈত্রী ও স্বাধীনতার আদর্শে উদ্বুদ্ধ হইয়া এই ব্যবস্থায় আকৃষ্ট হয়। ফ্রান্সে এক রক্তক্ষয়ী বিপ্লব অনুষ্ঠিত হইল। ইংল্যান্ডের বিভিন্ন সময়ে বিভিন্ন আন্দোলন ঘটিল। গণতন্ত্রের আদর্শ সাধারণ মানুষের মনে উদ্দীপনার সঞ্চার করিল। রাজন্য প্রথা হয় বিলুপ্ত অথবা তাহাদের ক্ষমতা হ্রাস পাইল, এবং সাংবিধানিক সরকার গঠিত হইল। বর্তমানের পশ্চিমী দেশগুলিতে গণতন্ত্র প্রতিষ্ঠিত হইয়াছে। যাহারা গণতন্ত্রকে ধ্বংস করিয়াছে সেই হিটলার, মুসোলিনী ও স্ট্যালিনের মত একনায়করাও মুখে গণতন্ত্রের বুলিও আওড়াইয়াছে।

ব্যক্তিকে শোষণ করা হইয়াছে

গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় প্রত্যেক ব্যক্তি এক ভোটের অধিকারী ছিল। কিন্তু প্রকৃত ক্ষমতা তাহাদের মধ্যেই সীমাবদ্ধ ছিল যাহারা বিদ্রোহের নেতৃত্ব করিয়াছিলেন। শিল্প বিপ্লবের ফলে নতুন উৎপাদন ব্যবস্থায় আশার সঞ্চার করে গৃহকার্য্য না করিয়া কর্মীরা কারখানায় মালিকের নির্দ্দেশমত কার্য্যে রত হয়। শ্রমিক তাহার গৃহ পরিত্যাগ করিয়া শিল্প এলাকার জনবহুল শহরে বসবাস করিতে থাকে। কোন উপযুক্ত বাসগৃহের ব্যবস্থা ছিল না। কারখানায় কর্মরত শ্রমিকের স্বার্থ রক্ষার জন্য কোন আইনকানুন ছিল না তাহার অর্থাভাব ক্লিষ্ট ও অসংগঠিত ছিল। স্বাভাবতঃই তাহারা হয়রানি, অন্যায় ও শোষণের শিকারে পরিণত হইত। যাহাদের হাতে রাজনৈতিক ক্ষমতা ন্যস্ত ছিল তাহারা এই মালিকদের সমগোত্রীয় লোক। সুতরাং রাষ্ট্রের দ্বারা তাহাদের অভাব অভিযোগের প্রতিকারের কোন আশাই ছিল না।

বহুব্যক্তি এই অন্যায়ের প্রতিবাদে আন্দোলন করিয়াছেন। তাঁহারা এই সকল নিপীড়িত শ্রমিকদের অবস্থার উন্নতি সাধন করিতে চাহিয়াছিলেন। তাহারা নিজেদের সমাজতন্ত্রবাদী বলিয়া ঘোষণা করেন। কার্লমার্কস তাহাদের অন্যতম। এই অন্যায়ের প্রতিরোধ আন্দোলন গড়িয়া তোলার উদ্দেশ্যে তিনি সমগ্র মানব সমাজের ইতিহাস ও সমাজের গঠন প্রণালী অধ্যয়ন করিয়া তাহার বিশ্লেষণ উপস্থাপিত করিলেন। তিনি দাবী করিলেন যে তাহার এই বিশ্লেষণ বৈজ্ঞানিক যুক্তির ভিত্তিতে রচিত। পরবর্ত্তী সকল সমাজতন্ত্রবাদী তাহার এই আদর্শেই উদ্বুদ্ধ হইয়াছে।

সর্বহারার একনায়ত্ব

মার্কসের বিশ্লেষণ (Dialectic materialism) দ্বান্দিক বস্তুবাদ। তিনি উৎপাদনের ব্যক্তিগত মালিকানাকেই শোষণের প্রদান কারণ বর্ণনা করিয়াছেন। এই সকল উৎপাদনের মালিকানা যদি সমাজের হাতে থাকে (মার্কসবাদীদের নিকট সমাজ ও রাষ্ট্র অভিন্ন) তাহা হইলে আর শোষণের অবকাশ থাকিবে না। কিন্তু তাহার পূর্বে রাষ্ট্রকে এই সকল শোষণকারীর হস্ত হইতে মুক্ত করিতে হবে এবং ভবিষ্যতে যাহাতে তাহাদের অভাব না থাকে তাহার ব্যবস্থা করিতে হইবে। এই উদ্দেশ্যে সাধনের জন্য সর্বহারার একনায়কত্ব বা (Dictatorship of the proletoriate প্রতিষ্ঠা করিতে হইবে। যাহাতে লোকে এই একনায়কত্ব সহ্য করে সেজন্য একটি আদর্শ ঘোষিত হইল যে যখন এই শোষক শ্রেণীকে সম্পূর্ণরূপে উৎখাত করা হইবে এবং তাহাদের পুনরায় ক্ষমতা অধিকারের সম্ভাবনা থাকিবে না তখন এই একনায়কত্বের পরিবর্তে একটি শ্রেণীহীন, রাষ্ট্রহীন সমাজ ব্যবস্থা প্রবর্তিত হইবে। মার্কস আরও প্রমাণ করিবার চেষ্টা করিলেন যে পুঁজিবাদের মধেও তাহার ধ্বংসের বীজ নিহিত রহিয়াছে।

ইউরোপের কয়েকটি দেশে সমাজতান্ত্রিক বিপ্লব ঘটিয়াছে। এমনকি যেখানে বিপ্লব হয় নাই সেখানও রাজনীতি করা শ্রমিকদের অধিকার স্বীকার করিয়া লওয়া হইয়াছে। 'কল্যাণ রাষ্ট্র' আদর্শ হিসাবে স্বীকৃত হইয়াছে। জাতীয়তাবাদ, গণতন্ত্র, সমাজতন্ত্র বা সম অধিকার (সমাজতন্ত্রের মূলমন্ত্র সব অধিকার, সম অধিকার ও সম উপযোগিতা এক নহে) Equality is there at the root of Socialism, equality is different from equitability এই তিনটি আদর্শই ইউরোপের সামাজিক ও রাজনৈতিক চিন্তায় প্রাধান্য লাভ করিয়াছে। এই আদর্শগুলি ব্যতীতও বিশ্বশান্তি ও বিশ্ব ঐক্যের আদর্শও আছে। এই সমস্ত ভালো আদর্শ। এই সকল আদর্শই মানুষ্যত্ব বিকাশের সহায়ক। কিন্তু এককভাবে এই সকল আদর্শই অসম্পূর্ণ। শুধু তাহাই নহে ইহাদের একটি অপরটির বিরোধী। জাতীয়তাবাদ জাতিতে জাতিতে সংঘাত সৃষ্টি করিয়া বিশ্বশান্তি বিনাশে উদ্যত হয়। পুঁজিবাদী গণতন্ত্র অবাধ শোষণের অধিকার দেয়। সমাজতন্ত্র পুঁজিবাদ উচ্ছেদের গণতন্ত্র ও ব্যক্তির স্বাধিকার হরণ করে। সুতরাং পাশ্চাত্য জগত এই সকল আদর্শের সমন্বয়ের প্রয়াসে বিব্রত। তাহারা আজিও সফল হইতে পারে নাই। তাহারা একের সহিত অপরের গোঁজামিল দিবার চেষ্টা করিতেছে।

ইংলন্ড জাতীয়তাবাদ ও গণতান্ত্রিক ব্যবস্থার মাধ্যমে সামাজিক ও রাজনৈতিক প্রতিষ্ঠান গড়িয়া তোলার চেষ্টা করিতেছে। কিন্তু ফ্রান্স তাহা করিতে পারে নাই। সেখানে গণতন্ত্র রাজনৈতিক অনিশ্চয়তার সৃষ্টি করিয়াছে। ব্রিটিশ লেবার পার্টি গণতন্ত্র ও

সমাজতন্ত্রের সমন্বয় সাধনের চেষ্টা করিতেছে। কিন্তু সমাজতন্ত্র জোরদার হইয়া উঠলে গণতন্ত্র অব্যহত থাকিবে না বলিয়া লোকে আশংকা প্রকাশ করিতেছে। ফলস্বরূপ লেবারপার্টি আর মার্কসবাদীদের মত জোরের সঙ্গে সমাজতন্ত্রের কথা বলেন না। হিটলার ও মুসলিনী জাতীয়তাবাদ ও সমাজতন্ত্রের নীতি গ্রহণ করেন এবং গণতন্ত্রের সমাধি রচনা করেন। শেষ পর্য্যন্ত সমাজতন্ত্রবাদ তাহাদের জাতীয়তাবাদী অভিসন্ধি পূরণের অস্ত্র হিসাবে ব্যবহৃত হয়। ইহাতে সমগ্র বিশ্বের শান্তি ও ঐক্য বিঘ্নিত হইবার আশংকা দেখা দেয়। আমরা পশ্চিম হইতে কিছু নির্দেশলাভের আশা করিলেও প্রকৃতপক্ষে তাহাদের দিবার মত সঠিক আদর্শ নাই। তাহারা নিজেরাই পথসন্ধিতে বিভ্রান্ত হইয়া ঘুরিতেছে এবং কোনটি প্রকৃতপক্ষে শ্রেয় তাহা নির্দ্ধারণ করিতে পারিতেছে না। এই অবস্থায় আমরা তাহাদের নিকট কি প্রত্যাশা করিতে পারি?

পক্ষান্তরে আমাদের বিবেচনা করিতে হইবে যে বিশ্বের এই পরিস্থিতিতে ভারতের কোন অবদান আছে কিনা। বিশ্বের প্রগতির প্রতি লক্ষ্য রাখিয়া আমরা কোন আদর্শ তাহাদের নিকট উপস্থাপিত করিতে পারি? যদি আমাদের নিকট এমন কোন সম্পদ থাকে যাহা বিশ্বের অগ্রগতির সহায়ক হয় তবে তাহা অপরকে দান করিতে কুণ্ঠিত হওয়া উচিত হইবে না। এই ভেজালের যুগে নতুন কোন সংমিশ্রণ না করিয়া আমাদের কোন বিশেষ আদর্শ গ্রহণের পূর্বে বিচার বিশ্লেষণ করিয়া দেখিতে হইবে। পৃথিবীর পক্ষে ভারস্বরূপ না হইয়া আমাদের উচিত পৃথিবীর সমস্যা সমাধানে উদ্যোগী হওয়া। আমাদের আরও চিন্তা করিতে হইবে যে আমাদের ঐতিহ্য ও সভ্যতার বিশ্বসংস্কৃতিতে কি মহান অবদান আছে।

স্বাধীনতা লাভের পর গত সত্তর বৎসরের মধ্যে আমাদের সর্বাঙ্গীন উন্নতির জন্য কোন লক্ষ্য নির্দ্ধারিত হয় নাই। সাধারণত: লোকে এই সকল প্রশ্ন স্থিরভাবে বিবেচনা করে না। তাহারা সময়বিশেষে যে সমস্যার সম্মুখীন হয় সেই সমস্যার কথাই চিন্তা করে। কখনও অর্থনৈতিক সমস্যার উপর গুরুত্ব আরোপ করা হয়, কখনও বা রাজনৈতিক প্রশ্ন তাহাদের নিকট গুরুত্ব লাভ করে। আমরা কোন পথে চলিলে মূল সমস্যার সমাধান ও সর্বাঙ্গীন উন্নতির পথে অগ্রসর হইব তাহা না জানায় ঠিকমত উৎসাহ ও উদ্দীপনার অভাব ঘটে এবং যে ভাবে সাময়িক সমস্যা সমাধানের চেষ্টা করা হয় তাহা প্রায়শ আংশিক বা একদেশধর্মী হয়।

দ্বিতীয় অধ্যায়

অতীত বনাম বর্তমান

যাঁহারা কোন স্থির লক্ষ্যের কথা বলেন তাঁহাদের মধ্যে দুই প্রকারের লোক আছেন। একদল বলেন যে পরাধীনতার পূর্বেকার অবস্থায় ফিরিয়া যাওয়া উচিত এবং সেইখান হইতে পুনরায় কার্য্য আরম্ভ করা আবশ্যক। পক্ষান্তরে আর একদল আছেন যাহার ভারতের কোন মহান অবদান আছে বলিয়া বিশ্বাস করেন না এবং আমাদের অতীত ঐতিহ্য ও সংস্কৃতি সম্বন্ধে চিন্তা করিতে চাহেন না। তাহাদের নিকট পাশ্চাত্যের জীবন ও চিন্তাধারাই প্রকৃষ্ট এবং আমাদের উন্নতি করিতে হইলে সেই জীবন পদ্ধতি ও আদর্শবাদ গ্রহণ করিতে হইবে। কিন্তু এই দুইটি গোষ্ঠীরই চিন্তাধারা ভ্রমাত্মক। যেহেতু এই দুইটির মধ্যে আংশিক সত্যতা আছে সুতরাং তাহাদের সম্পূর্ণ ভাবে এড়াইয়া যাওয়াই অনুচিত।

যাঁহারা বলেন যে আমাদের সেই প্রাচীনকালে হইতে পুনরায় আরম্ভ করা উচিত, তাহারা ভুলিয়া যান যে ইহা আকাঙ্খিত হউক বা না হউক বর্তমানে সেটা অসম্ভব। সময়ের স্রোত কখনই ফিরাইয়া দেওয়া যায় না।

অতীতকে অস্বীকার করা চলে না

বিগত সহস্র বৎসর যাহা আমরা গ্রহণ করিয়াছি অথবা যাহা আমাদের উপর চাপাইয়া দেওয়া হইয়াছে বর্তমানে তাহা বাদ দেওয়া অসম্ভব। তদুপরি আমাদের সমাজজীবন গঠনে আমাদের নিজস্ব অবদানও কম নাই। আমাদের সম্মুখে যে সকল সঙ্কট দেখা দিয়াছিল আমরা শুধু তাহার নিষ্ক্রিয় দর্শক ছিলাম না। অথবা আমরা শুধু বিদেশীদের কার্য্যের প্রতিরোধই করিয়াছি একথাও ঠিক নহে। আমরা আমাদের ভবিষ্যৎ জীবন নূতন যুগের প্রয়োজন অনুযায়ী গড়িয়া তুলিতে চেষ্টা করিয়াছি। অতএব গত হাজার বৎসরকাল যাহা ঘটিয়াছে সে সম্বন্ধে আমাদের চক্ষু বন্ধ করিয়া থাকা সম্ভবপর নহে।

বৈদেশিক আদর্শ বিশ্বব্যাপী নহে

ঠিক সেইজন্য যাঁহারা পাশ্চাত্য আদর্শকে আমাদের প্রগতির জন্য প্রয়োজনীয় মনে করেন তাহারা ভুলিয়া যান যে সকল আদর্শ বিশেষ বিশেষ সময়ে বিশেষ বিশেষ ক্ষেত্রে প্রকট হইয়াছে। এইগুলির সমস্তই সমগ্র মানব সমাজের কল্যাণকর একথা বলা চলে না। এই আদর্শগুলি যে সমাজ বা রাষ্ট্রের সাংস্কৃতিক পটভূমিকায় জন্মলাভ করিয়াছে তাহা প্রায়ই সেই সমাজের সংস্কৃতিক সীমা লঙ্ঘন করিতে পারে না। এতদ্ব্যাতীত এইগুলির মধ্যে বহু আদর্শ আজ মৃত বা এযুগের সম্পূর্ণ অনুপযুক্ত। কার্ল মার্কসের আদর্শও সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে এবং বিভিন্ন রাষ্ট্রের পরিস্থিতি অনুযায়ী এমনভাবে পরিবর্তিত হইয়াছে যে শুধু মার্কসীয় মতবাদ তোতাপাখীর মত আওড়াইলেই তাহা আমাদের দেশের

সমস্যাগুলির সমাধান করিতে পারিব না এবং অন্ধ অনুকরণ বৈজ্ঞানিক যুক্তি তথ্যের পরিবর্তে প্রতিক্রিয়াশীল মনোভাব সৃষ্টি করিবে। ইহা সত্যই বিস্ময়কর যে যাহারা অতীতের মৃত আদর্শগুলি দূরে ফেলিয়া দিতে চাহেন, তাহারাই আবার বিদেশের কতকগুলি প্রাচীন ও বর্তমানের অনুপযোগী আদর্শ প্রতিষ্ঠা করিতে চেষ্টা করেন।

আমাদের দেশ ও আমাদের সমস্যা

প্রত্যেক দেশের তাহার বিশেষ ঐতিহাসিক, সামাজিক ও অর্থনৈতিক অবস্থা বর্তমান এবং দেশের নেতারা দেশের সমস্যাগুলি দেশের পটভূমিকায় পর্যালোচনাপূর্বক সমাধানে প্রয়াসী হন। একথা যুক্তিহীন যে একদেশের নেতৃবৃন্দের কোন সমস্যা সমাধানের উপায় বা পদ্ধতি সব দেশেই সমানভাবে প্রযোজ্য হইবে। একটি ছোট উদাহরণ দ্বারা ইহা পরিস্পুট হইবে। যদিও মানুষের শরীরের অঙ্গ ও গঠনভঙ্গী সমস্ত পৃথিবীতে একই প্রকার, তথাপি যে ঔষধ ইংলন্ডের লোকের পক্ষে উপযোগী, ভারতের লোকের পক্ষে তাহা অনুপযুক্ত। ব্যাধি আবহাওয়া, জল, খাদ্যাভাস ও বংশের উপর নির্ভরশীল। এমনকি বাহিরের উপসর্গ একপ্রকার মনে হইলেও একই ঔষধ সকল রোগীর ব্যাধির উপশমে সক্ষম হয় না। যাহারা একই প্রকার ব্যবস্থাপত্র সকল রোগীর প্রতি প্রয়োগ করেন তাহাদের বৈজ্ঞানিক চিকিৎসক না বলিয়া হাতুড়ে ডাক্তার বলিয়া অভিহিত করা হয়। এইজন্য আয়ুর্বেদে বলা হইয়াছে যে একস্থানের ব্যাধির প্রতিকার ব্যবস্থা সেইস্থানেই অনুসন্ধান করিতে হইবে। সুতরাং কোন বিশেষ বৈদেশিক মতবাদ সকল ক্ষেত্রে ঠিক এইভাবে আমাদের দেশের সমস্যা সমাধানের জন্য প্রযোজ্য নহে, সমীচিনও নহে। ইহা দ্বারা সুখ ও সমৃদ্ধি লাভ হয় না।

মানব জ্ঞান সকলের সম্পদ

পক্ষান্তরে একথাও অনুধাবনের প্রয়োজন যে সকল চিন্তাধারা ও আদর্শ (তাহা যেখানেই উদ্ভুত হউক না কেন) সর্বদা শুধু বিশেষ ক্ষেত্র বা সময়ের মধ্যে সীমাবদ্ধ থাকিবে এমন নহে। কোন বিশেষ ক্ষেত্রে বা বিশেষ সময়ে যাহা মানব কল্যাণের নিয়োজিত হয় তাহা কোন কোন সময় বৃহত্তর মানব সমাজের পক্ষেও কল্যাণকর হইতে পারে। সুতরাং অপরাপর সমাজের অতীত ও বর্তমান প্রগতিকে একেবারে অগ্রাহ্য করাও বিজ্ঞাচিত নয়। এই সমস্ত উন্নতির মূলে যে সত্য নিহিত তাহা অবশ্যই অনুধাবন করিতে হইবে। অন্য অবান্তর বস্তুগুলিকেও তেমনি সযত্নে পরিহার করিতে হইবে। বৈদেশিক সমাজের জ্ঞান আহরণের সহিত সেই সমাজের ভ্রান্তি ও বিকৃতি যেন আমাদের কলুষিত না করে। ইহার মধ্যে যে সকল শাশ্বত সত্য আমাদের সমাজে সৃষ্ট তাহা যেমন বর্তমানের পরিপ্রেক্ষিতে সংশোধিত রূপে গ্রহণ করিতে হইবে, তেমনই অন্যান্য সমাজে যে শাশ্বত্য সত্যের বিকাশ ঘটিয়াছে তাহাও আমাদের দেশ ও সমাজের অবস্থা অনুযায়ী সংশোধিতরূপে গ্রহণ করিতে হইবে।

সংঘষমূলক আদর্শ

পাশ্চাত্য রাজনৈতিক চিন্তা জাতীয়তাবাদ, গণতন্ত্র ও সমাজতন্ত্রকে তাহাদের আদর্শ হিসাবে গ্রহণ করিয়াছে। এতদ্ব্যতীত সময়ে বিশ্ব ঐক্যের আদর্শ জাতিপুঞ্জ (League of Nation) বা দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর রাষ্ট্র সঙ্ঘের (U.N.O.) মধ্যে যুক্ত হইয়া উঠিয়াছিল। বিভিন্ন কারণে এগুলি সাফল্য লাভ করিতে পারে নাই। যাহা হউক ইহাদের মাধ্যমে এই আদর্শ সার্থক করার চেষ্টা হইয়াছে।

এই সকল আদর্শ কার্য্যত : অসম্পূর্ণ এবং পরস্পর বিরোধী

জাতীয়তাবাদ জাতিতে জাতিতে সংঘর্ষ এবং বিশ্বযুদ্ধের কারণ হইয়াছে। যদি বর্তমান অবস্থা বজায় রাখা বিশ্বশান্তি বলিয়া অভিহিত হয় তবে তাহার অর্থ এই হইবে সে বহু ক্ষুদ্র ক্ষুদ্র জাতির স্বাধীনতা লাভের আকাঙ্খা কখনই পূর্ণ হইবে না। বিশ্ব ঐক্য ও জাতীয়তাবাদের মধ্যে পরস্পর সংঘর্ষ হইতেছে। অনেকে বিশ্ব ঐক্যের জন্য জাতীয়তাবাদ বর্জন করিতে বলেন; আবার অনেকের মতে বিশ্ব ঐক্য অবাস্তব কল্পনা এবং জাতীয় স্বার্থের উপরেই তাঁহারা গুরুত্ব আরোপ করেন।

গণতন্ত্র ও সমাজতন্ত্রের সমন্বয় সাধন প্রয়াসেও ঠিক এই প্রকার অসুবিধা দেখা দেয়। গণতন্ত্রে ব্যক্তি স্বাধীনতা স্বীকৃত হইয়াছে কিন্তু পুঁজিবাদী সমাজ ইহাকে একাধিপত্য ও শোষণের অবসান হিসাবে ব্যবহার করিয়াছে। সমাজতন্ত্রবাদ শোষণের অবসানের জন্য প্রবর্তিত হইলে ব্যক্তি স্বাধীনতা ও মর্যাদা হরণ করিয়াছে।

সমস্ত মানব সমাজ বিভ্রান্ত হইয়া ভবিষ্যৎ উন্নতির সঠিক পন্থা নির্দ্ধারণ করিতে চেষ্টা করিতেছে। পশ্চিম আজ দৃঢ়তার সহিত ঘোষণা করিতে পারিতেছে না অন্য কিছু নহে, কেবল ইহাই বর্ত্তমানে সঠিক ও "this alone and no other"। তাহারা নিজেরাই অন্ধকারে পথ হাতড়াইতেছে। সুতরাং পশ্চিমের আদর্শ অনুসরণের অর্থ এক অন্ধ কর্তৃক অপর অন্ধের পরিচালনা। এই অবস্থায় আমাদের ভারতীয় সংস্কৃতির প্রতি দৃষ্টিপাত করার প্রয়োজন অনুভূত হয়। ইহা কি সম্ভব যে আমাদের সংস্কৃতি বিশ্বকে দিগ্‌দর্শন করিতে পারে?

জাতীয় দৃষ্টিভঙ্গীর ক্ষেত্রে প্রথমেই সংস্কৃতির প্রতি লক্ষ্য করিতে হইবে। কারণ ইহাই আমাদের প্রকৃতি। স্বাধীনতা আমাদের সংস্কৃতির সহিত অঙ্গাঙ্গীভাবে যুক্ত। যদি সংস্কৃতি ভিত্তি না হয় তবে স্বাধীনতার জন্য রাজনৈতিক আন্দোলন শুধু স্বার্থপর ও সুবিধাবাদীদের আসরে পরিণত হইবে। স্বাধীনতা তখনই অর্থপূর্ণ হয় যখন তাহা আমাদের সংস্কৃতির বিকাশের সহায়ক হয়। এই সংস্কৃতির বিকাশ শুধু আমাদের প্রগতির সহায়ক নয়, ইহা আমাদের আনন্দেরও কারণ হয়। সুতরাং জাতীয় ও মানবীয় উভয় দিক হইতেই আমাদের ভারতীয় আদর্শের কথা বিশেষ ভাবে চিন্তা করা প্রয়োজন। যদি ইহার দ্বারা আমরা

পশ্চিমের বিভিন্ন আদর্শের সমন্বয় সাধন করিতে পারি তবে তাহা আমাদের অধিকতর সার্থকতা দান করিবে। পাশ্চাত্যের এই সকল নীতি মানবীয় বিচার বিপ্লব এবং সামাজিক সংঘাত প্রসূত। এই নীতিগুলি মানুষের কোন না কোন আশা আকাঙ্ক্ষার প্রতীক। সুতরাং এই সকল চিন্তাধারাকে কখনই উপেক্ষা করা উচিত হবে না।

জাতীয় সংস্কৃতি ঐক্যের প্রতিচ্ছবি

ভারতীয় সংস্কৃতির প্রথম বৈশিষ্ট্য এই যে তাহা মানব জীবনকে এক পূর্ণরূপে প্রত্য(করিয়াছে। ইহাকে একাত্ম মানববাদ রূপে অভিহিত করা যায়। কোন বিশেষ অঙ্গের কথা বিশেষজ্ঞদের বিবেচনার বিষয় হইতে পারে কিন্তু ইহা সাধারণ জীবনে অপ্রয়োজনীয়। পাশ্চাত্যের বিভ্রান্তির প্রদান কারণ ইহা জীবনকে পূর্ণভাবে না দেখিয়া, আংশিকভাবে বিচার করিয়াছে। এবং পরে তাহার সংযুক্ত(করিয়া এক পরিপূর্ণ মানবের রূপ দিবার চেষ্টা করিয়াছে। আমরা স্বীকার করি যে জীবনে পার্থক্য এবং বিভিন্নতা আছে, কিন্তু আমরা সবর্দা তাহাদের পশ্চাতে যে সামঞ্জস্য বা ঐক্যবোধ বিরাজ করিতেছে তাহাই আবিস্কার করিতে চেষ্টা করিয়াছি। এই প্রচেষ্টা বিজ্ঞানসম্মত। বৈজ্ঞানিকরা সর্বদা বি(েব যে বিশৃঙ্খলা আপাত দৃষ্টিতে দেখা যায় তাহার মধ্যে যে ঐক্য বিরাজ করিতেছে তাহাই আবিষ্কারের চেষ্টা করেন। যে নীতিতে বি(েজগৎ পরিচালিত হইতেছে তাহা বিবেচনা করিয়াই তাঁহাদের নীতি নির্দ্ধারণ করেন। রাসায়নিকরা আবিষ্কার করিয়াছেন যে কয়েকটি উপাদান সমগ্র পার্থিব জগৎ সৃষ্টি করিয়াছে। পদার্থবিদরা আরও একপদ অগ্রসর হইয়া প্রমাণ করিয়াছেন যে এই সকল উপদানের মূল কেবল ত্রদ্রত্রন্ত্ববা শক্তি(। আমরা আজ জানিয়াছি যে সমগ্র বি(ে শুধু কতকগুলি ত্রদ্রত্রন্ত্ববা শক্তি(র সমষ্টি।

দার্শনিকরাও মূলত বৈজ্ঞানিক। পাশ্চাত্য দেশের দার্শনিকরা দ্বান্দ্বিক নীতি ূঞ্জহৃদ্রক্ষ্ম ত্বদ্মৎত্র ঃ দুভস্তখভুন্থ্রূ পর্য্যন্ত পৌঁছিয়াছেন। হেগেল থিসিস, অ্যান্টিথিসিস ও সিনথিসিকের নীতি আলোচনা করিয়ছেন। কার্ল মার্কস ডারইউনের মতে (ভস্তুন্তুথৎ দ্র ঠত্র হুঠক্ষ্ম ঠত্রন্স্ঠ বা শুধু শক্তি(শালীরাই বাঁচার অধিকারী। কিন্তু এই দেশে আমরা সমস্ত জীবের মধ্যে মূলগত ঐক্য ল(্য করিয়াছি। এমন কি যাঁহারা সংঘর্ষবাদী তাঁহারও প্রকৃতি এবং মনের মধ্যে সংঘর্ষ অপে(া সমন্বয়ের রূপ প্রত্য(করিয়ছেন। বৈচিত্র্য তাহার অন্তনির্হিত ঐক্যের প্রকাশ। বীজ হইতে মূল, কান্ড, শাখা-প্রশাখা, পত্র, পুষ্প, ও ফল দেখা দেয়। ইহাদের প্রত্যেকটির রূপ ও রং বিভিন্ন। এমনকি তাহাদের মধ্যে গুণগত পার্থক্যও আছে। তথাপি একই বীজ হইতে উদ্ভুত বলিয়া মূলতঃ তাহারা ঘনিষ্ঠ সম্পর্কে সম্পর্কিত।

পারস্পরিক সংঘাত সাংস্কৃতিক অবনতির কারণ

বৈচিত্র্যের মধ্যে ঐক্যের বিকাশ ভারতীয় সাংস্কৃতির প্রধান আদর্শ। এই সত্য যদি সর্বান্তকরণে গৃহীত হয় তবে, বিভিন্ন শক্তি(র মধ্যে সংঘর্ষের অবকাশ থাকে না। সংঘর্ষ

প্রকৃতি ও সংস্কৃতির ল(ণ নহে, ইহা বরং তাহার অবনতির কারণ। জংলী নীতি এই তথ্য— যাহা সম্প্রতি পাশ্চাত্যের লোকে আবিষ্কার করিয়াছে তাহা আমাদের দেশের দার্শনিকগণের অজানা ছিল না।

আমরা লোভ, ত্রে(াধ ইত্যাদিকে (ছয়টি নীচ প্রবৃত্তি) মানুষের অবনতির কারণ বলিয়া মনে করি। আমরা এগুলিকে সভ্য জীবন বা সংস্কৃতির মান হিসাবে কখনই গ্রহণ করি নাই। সমাজে দস্যু তস্কর অবশ্যই আছে। ইহাদের হাত হইতে সমাজকে র(া করার প্রয়োজন আছে। কিন্তু ইহাদেরই সমাজের মান হিসাবে কখনই মনে করিতে পারি না। দ(ভস্তুন্তুথৎ দ্র ঠত্র হুঠত্রন্স্ঠা জোর যার মুলুক তার ইহা অরণ্যের নীতি। বা সভ্যতা এই নীতির উপর ভিত্তি করিয়া গড়িয়া উঠে নাই বরং মানুষের জীবনে এই নীতি যত কম প্রযুক্ত(হয় তাহারই চেষ্টা হইয়াছে। যদি আমরা প্রগতি বা উন্নতি চাই তবে আমাদের সমাজ বিবর্ত্তনের ইতিহাস অবশ্যই স্মরণ রাখিতে হইবে।

পারস্পরিক সহযোগিতা

পৃথিবীতে যেমন সংঘাত ও প্রতিযোগিতা আছে তেমন সহযোগিতাও আছে। বৃ(, লতাদি ও জীবজগৎ পরস্পরকে জীবধারণে সহায়তা করে। আমরা বৃ(াদি হইতে অক্সিজেন গ্রহণ করি এবং আমাদের কার্বন-ডাই-অক্সাইড ত্যাগ করি। এইভাবে পারস্পরিক সহযোগিতা পৃথিবীতে জীবনধারা অব্যহত রাখিয়াছে। পরস্পরকে বাঁচাইয়া রাখার জন্য যে বিভিন্ন প্রকার প্রাণের সহযোগিতা তাহার উপলব্ধিই সভ্যতার প্রধান বৈশিষ্ট্য। 'প্রকৃতিকে' সামাজিক উদ্দেশ্যে রূপান্তরিত করার নামই 'সংস্কৃতি'। কিন্তু যখন ইহা সামাজিক সংঘর্ষের কারণ হয় তখনই তাহা 'বিকৃতি' নামে অভিহিত হয়। সংস্কৃতি প্রকৃতিকে অবহেলা বা অস্বীকার করে না। ইহা বরং প্রকৃতির যে সকল উপাদান এই বি(েজীবনে সামঞ্জস্য বিধানে স(ম তারাই বিকাশ দ্বারা পূর্ণ জীবন গঠনের প্রয়াস পায়। ভ্রাতা, ভগ্নী, মাতা-পুত্র, পুত্র ও পিতার সম্পর্ক স্বাভাবিক। ইহা মানুষ ও জন্তু জানোয়ার সকলের মধ্যেই সমান। জন্তুদের স্মৃতিশক্তি(হীনতার জন্য এই সম্পর্ক (ণস্থায়ী। তাহারা এই সম্পর্কের ভিত্তিতে সভ্যতা বা ঐতিহ্য গড়িয়া তুলিতে পারে না। কিন্তু মানুষ ইহার ভিত্তিতে সুশৃঙ্খল জীবন গড়িয়া তুলে এবং এই মূল সম্পর্কের উপর ভিত্তি করিয়া সমগ্র সমাজকে আত্মীয়তার সূত্রে গ্রথিত করিয়া সহযোগী মনোভাবে উদ্বুদ্ধ করে। এইভাবে বিভিন্ন জীবনমান ও পরস্পরার সৃষ্টি হয়। ভালো এবং মন্দ এই দুইটি সত্য এইভাবেই নির্দ্ধারিত হয়। সমাজে আমরা ভাইদের মধ্যে প্রীতি ও বিদ্বেয় উভয় ভাবই দেখিতে পাই। কিন্তু আমরা প্রীতির ভাবকে ভালো মনে করি এবং ভ্রাতৃভাব বৃদ্ধি কামনা করি। বিদ্ধেষের ভাব কেহই কখনও সমর্থনীয় মনে করে না। যদি সংঘর্ষ শত্রুতাকে মানুষের মূল সম্পর্কের ভিত্তি হিসাবে গ্রহণ করা হয় এবং এই দৃষ্টিভঙ্গী হইতে যদি ইতিহাসের পর্যালোচনা করা হয় তাহা হইলে বিঘ্ন ঐক্যের আদর্শ স্বপ্নই থাকিয়া যাইবে।

মা তাহার সন্তানদের লালন পালন করে। মাতৃস্নেহ সর্বাপে(া শ্রেষ্ঠ বলিয়া স্বীকৃত হইয়াছে। শুধু এই ভাব হইতেই আমরা সমগ্র মানবজাতির আদর্শ, নীতি ও নিয়মাবলী নির্দ্ধারণ করিতে পারি। কখনও কখনও সন্তানদের প্রতি মাতার নিষ্ঠুরতার ঘটনাও প্রত্য(করা যায় বা স্বার্থপরতার ভাব প্রকট হয়। কোন কোন জন্তু তাহার আত্মাজকে উদরাসাৎ করিয়া (ন্নিবৃত্তি করে। প(ান্তরে বানরী মাতা তাহার সন্তানকে মৃত্যুর পরেও বহুকাল পর্যন্ত বু(বাঁধিয়া রাখে। জীবজগতে উভয় প্রকার আচরণই দৃষ্টিগোচর হয়। সভ্যজীবন ও সমাজের জন্য এই দুই প্রকার আচরণের মধ্যে কোনটি গ্রহণীয় হইবে? আমরা অবশ্যই এই সিদ্ধান্তে উপনীত হইব যে, যে আচরণ দ্বারা জীব বাঁচিয়া থাকে তাহাই সভ্যতার বিকাশের জন্য বরণ করিতে হইবে। মানব প্রকৃতিতে দুই প্রকার প্রবৃত্তিই রহিয়াছে এক ত্রে(াধ ও লোভ, দুই প্রীতি ও স্বার্থত্যাগ। ইহাদের সবগুলিই আমাদের প্রকৃতির অন্তর্গত। ত্রে(াধ ইত্যাদি মানুষকে পশুতে পর্যবসিত করে। সুতরাং যদি আমরা ত্রে(াধকে আমাদের জীবনের ভিত্তি হিসাবে গ্রহণ করি এবং সেইভাবে আমাদের শক্তি(কে পরিচালিত করিতে চাই তবে তাহা জীবনের সমন্বয়ের আদর্শের অবসান ঘটাবে। এমনকি যদি ত্রে(াধের কারণও ঘটে তথাপি তাহা সংযত করারই চেষ্টা করা উচিত। এইভাবে সংযমই জীবনের মান হিসাবে গৃহীত হইয়াছে ত্রে(াধকে কেহ কখনই বাঞ্ছনীয় মনে করে নাই।

এই বিষয়গুলিই হইল জীবন দর্শনের নীতি। এই নীতি কোন একজন বিশেষ ব্যক্তি(র সৃষ্টি নহে। এগুলি আবিষ্কৃত সত্য। ইহার প্রকৃষ্ট উদাহরণ মাধ্যাকর্ষণ শক্তি(। যদি আমরা একটি প্রস্তর নি(প করি তবে তাহা পুনরায় মাটিতে ফিরিয়া আসে। এই নিয়ম নিউটন কর্ত্তৃক প্রবর্তিত হয় নাই—তিনি এই সত্য আবিষ্কার করিয়াছেন। যখন তিনি বৃ(হইতে আপিল পড়িতে দেখিলেন তখন তিনি উপলব্ধি করিলেন যে নিশ্চয়ই ইহার মূলে এই কারণ বর্তমান। ঠিক এইভাবেই মানব জীবনে আচরণীয় কতকগুলি নীতি নির্দ্ধারিত হইয়াছেন যাহা মানুষের প্রকৃতির মধ্যেই বর্তমান ছিল, যাহার দ্বারা সমাজ ও সভ্যতা উপকৃত হইয়াছে এবং এইজন্য ত্রে(াধের উপসম ঘটানো প্রয়োজন। এইভাবেই মানবের জীবনাদর্শ রচিত হইয়াছে।

পরস্পরের নিকট মিথ্যা কথা বলিও না—যাহা সত্য বলিয়া জানো তাহাই বলিবে—ইহা একটি নীতি। ইহার উপযোগিতা জীবনের প্রতি পদ(পে অনুভূত হয়। আমরা সত্যবাদী লোককে শ্রদ্ধা করি। আমরা মিথ্যাকথা বলিলে নিজেরাই অসুখী হই। ইহার ভিত্তিতে জীবন চলিতে পারে না—ইহাতে শুধু বিভ্রান্তির সৃষ্টি হয়।

এই সকল সিদ্ধান্তই আমাদের ধর্ম

একই শিশু প্রকৃতিগতভাবে মিথ্যাবাদী নয়, প্রায়ই পিতা-মাতারা শিশুকে মিথ্যা কথা বলিতে প্ররোচিত করে। যখন শিশু কিছু পাইতে চাহে এবং পিতামাহা তাহা না দিতে চাহেন

তখন তাঁহারা উক্ত(দ্রব্যটি সরাইয়া রাখিয়া বলেন যে শিশু যাহা চাহে তাহা অদৃশ্য হইয়াছে। শিশু কয়েকবার বিভ্রান্ত হয় কিন্তু সে শীঘ্রই বুঝিতে পারে যে প্রকৃত অবস্থা কি এবং সেও মিথ্যাকথা বলিতে শিখে। মানুষ স্বভাবতই সত্য কথা বলে। এই সত্য যেমন আবিস্কৃতি হইয়াছে, তেমনই জীবন যাত্রার অপরাপর নীতি নিয়মও একইভাবে নির্দ্ধারিত হইয়াছে। ইহা কাহারও খেয়াল খুশী মত রচিত হয় নাই। ভারতবর্ষের এই নীতিগুলিরই নাম ধর্ম। যে সকল নীতি জীবনে শৃঙ্খলা, প্রগতি ও শান্তি আনয়ন করে তাহাই এদেশে ধর্ম নামে অভিহিত হইয়াছে। এই নীতি বা ধর্মের কষ্ঠি পাথরে বিচার করিয়া আমরা জীবনকে একাত্ম ও পূর্ণরূপে বি(-ষণ করিতে চেষ্টা করিব।

যখন প্রকৃতিকে নীতি ধর্মের অনুশাসনে পরিচালিত করা হয় তখনই সভ্যতা ও সংস্কৃতির বিকাশ ঘটে। এই সংস্কৃতিই মানব জীবন র(া ও উন্নতির কারণ। ধর্ম এদেশে নিয়ম বা নীতি হিসাবে ব্যবহৃত হইয়াছে। ইংরাজী "রিলিজিয়ন" ধর্মের সঠিক পরিভাষা নহে। পূর্বেই বলা হইয়াছে যে একাত্মীভূত জীবন হইল ভিত্তি এবং নীতি ও নিয়ম বা নীতি হিসাবে ব্যবহৃত হইয়াছে।

ব্যক্তি(র সুখ

আমরা জীবনকে একাত্মরূপে চিন্তা করার সময় শুধু সামাজিক জীবন হিসাবে বিচার করি নাই—ব্যক্তি(গত জীবনেও তাহা প্রত্য(করিয়াছি। সাধারণত কোন ব্যক্তি(কে একজন শারীরিক জীব হিসাবে চিন্তা করা হয়। শরীরিক সুখ ও বিলাসই তাহার সুখ বলিয়া বিবেচিত হয়। কিন্তু আমরা জানি যে মানসিক উৎকণ্ঠা শারীরিক সুখ নষ্ট করে প্রত্যেক লোকই শারীরিক সুখ লাভ করিতে চায়। কিন্তু যদি কোন লোককে বন্দী করিয়া রাখিয়া উৎকৃষ্ট খাদ্য ও আরামের ব্যবস্থা করা হয় তবে কি সে সুখ হয়? যে কোন সুস্বাদু খাদ্যের সহিত সামান্য কয়েকটি কটু বাক্য মানুষকে আহারের সুখ হইতে বঞ্চিত করে। মহাভারতের একটি ঘটনা বহুবিদিত। যখন ভগবান কৃষ(পণ্ডিতদের দূত হিসাবে হস্তিনাপুরে যান তখন দুর্য্যোধন তাঁহাকে রাজ আতিথ্য গ্রহণে আহ্বান করিয়াছিলেন। শ্রীকৃষ(তাঁহার আমন্ত্রণ গ্রহণ না করিয়া বিদুরের গৃহে গমন করেন। এই মহামান্য অতিথির আগমনে উল্লাসিত বিদুর পত্নী তাঁহাকে খুদের অন্ন থোড়ের ব্যঞ্জন ভোজন করিতে দিয়াছিলেন। এই কারণেই আগ্রহ সহকারে যদি সামান্য আহার্য্য বস্তু কাহারও সম্মুখে উপস্থাপিত করা যায়, তবে তাহা ঘৃণার সহিত প্রদত্ত রাজভোগ অপে(াও লোকের উপাদেয় মনে হয়। এইজন্য শারীরিক সুখ শুধু নয়—মানসিক সুখের কথাও অনুধাবন করা প্রয়োজন।

এইভাবে চিন্তার সুখ সম্বন্ধেও বিবেচনা করা আবশ্যক। কোন ব্যক্তি(শারীরিক সুখ, প্রাধান্য ও প্রীতি সব কিছুই যদি প্রাপ্ত হয় (যাহাতে মানসিক ও শারীরিক সুখ লাভ ঘটে) , তথাপি তাহার যদি চিন্তাধারায় বিভ্রান্তি থাকে তবে তাহা এক প্রকার মানসিক বিকারের

অবস্থা সৃষ্টি করে। মানসিক বিকৃতি কি? একজন মস্তিষ্কবিকৃত লোক সকল প্রকার শারীরিক স্বাচ্ছন্দ্য, স্বাস্থ্য, সম্পদ এবং স্নেহে জীবন যাপন করিলেও তাহারা চিন্তা সুখ হইতে বঞ্চিত হয়। চিন্তার শান্তিও একান্ত প্রয়োজনীয়। আমাদের এই সকল বিষয়ই বিবেচনা করিতে হইবে।

মানুষের রাজনৈতিক আকাঙ্খা

একজন ব্যক্তি(র মধ্যে শরীর, মন, বুদ্ধি ও আত্মা এই চারিটি বস্তুই বর্তমান। কিন্তু এগুলি একাত্মীভূত। আমরা কোন একটিকে পৃথিক করিয়া চিন্তা করিতে পারি না। পশ্চিমে যে বিভ্রান্তির সৃষ্টি হইয়াছে তাহার কারণ এই সকল বিষয় পৃথকভাবে চিন্তা করিয়াছেন ইহাদের পরস্পরের সম্পর্কের কথা তাঁহারা অনুধাবন করেন নাই। যখন গণতান্ত্রিক ব্যবস্থার দাবীতে আন্দোলন চলিতেছিল তখন তাঁহারা ঘোষণা করিলেন যে ঞ্চথদ্রু ন খ দ্মদ্রভ্থ্ঠত্বথৎ খদ্রুক্ষ্ম দ্বথৎ অর্থাৎ মানুষ একটি রাজনৈতিক জীব। সুতরাং তাহার রাজনৈতিক আকাঙ্খা পূরণ হওয়া প্রয়োজন। কোন শুধু একজন লোক রাজা হইবে এবং বাকী সকলে তাহার প্রজা থাকিবে? প্রত্যেককেই শাসনের অধিকার দাও। এই রাজনৈতিক মানুষকে সন্তুষ্ট করার জন্য ভোটের অধিকার প্রদত্ত হইল। সে ভোটের অধিকার পাইল বটে কিন্তু সেই সঙ্গে সঙ্গে তাহার অন্য কতকগুলি অধিকার খর্ব হইল। তখন প্র(উঠিল, ভোটের অধিকার খুব ভালো কিন্তু খাওয়ার কি হইবে? তাহাদের বলা হল, ''এখন যখন ভোটের অধিকার পাইয়াছ তখন তুমিই তো রাজা। তবে চিন্তা করিতেছ কেন?'' কিন্তু লোক উত্তর দিল, আমি যদি খাদ্য না পাই তবে এই রাজ্য লইয়া কি করিব? আমাদের এই ভোটের অধিকার কোন কাজে লাগিবে? আমাকে আগে (টি দাও'' তখন কার্ল মার্কস আসিলেন এবং বলিলেন 'হ্যাঁ, (টি সর্বাপে(া প্রয়োজনীয় বস্তু। রাষ্ট্র শুধু বড়লোকদের সুতরাং আমাদের (টির জন্য লড়াই করিতে হইবে।'' তাঁহার দৃষ্টিতে মানুষ প্রাথমিক ভাবে শরীরের সমষ্টি—যাহা (টির অভিলাসী।। কিন্তু যাহারা কার্ল মার্কসকে অনুসরণ করিলেন তাঁহারা দেখিলেন যে তাঁহারা না পাইলেন (টি, না পাইলেন ভোটের অধিকার।

অপরদিকে আমেরিকা। সেখানে ভোটের অধিকার ও রুটির প্রাচুর্য্য রহিয়াছে। কিন্তু তথাপি সেখানে সুখ ও শান্তি নাই। আমেরিকায় আত্মহত্যার ঘটনা এবং মানসিক রোগ সর্বাধিক। বহুলোককে শান্ত করিয়া ঘুম পাড়াইবার জন্য ঔষধ প্রয়োগ করিতে হয়। মানুষ এই নূতন পরিস্থিতিতে দিশাহারা হইয়া পড়িয়াছে। মানুষ ভোটের অধিকার পাইয়াছে, (টিও পাইয়াছে তবুও তাহারা সুখ শান্তি পায় না কেন। এখন তাহারা শান্তির নিদ্রা ফিরিয়া পাইতে চায়। বর্তমান আমরিকায় গভীর নিদ্রা একটি দুর্লভ বস্তু। যাঁহারা চিন্তা করেন তাঁহারা উপলব্ধি করেন যে কোথাও কোন ভ্রান্তি আছে—যাহার ফলে জীবনে সকল উৎকৃষ্ট বস্তু লাভ করিয়াও তাহারা অসুখী।

ইহার একমাত্র কারণ এই যে তাহারা পূর্ণ মানবসত্বার কথা চিন্তা করে নাই। আমাদের দেশে আমরা এই বিষয়ে পুঙ্খানুপুঙ্খরূপে চিন্তা করিয়াছি। এইজনই আমরা বলিতে পারিয়াছিলাম যে মানুষের প্রগতির অর্থ তাহার শরীর, মন, বুদ্ধি ও আত্মার পরিতৃপ্তি। প্রায়ই একটি কথা শোনা যায় যে ভারতীয় সংস্কৃতি শুধু আত্মার মুক্তি(র কথাই চিন্তা করিয়াছে। ইহা অপর কোন বিষয় বিবেচনা করে নাই। ইহা ভ্রান্ত ধারণা। আমরা আত্মার কথা চিন্তা করিয়াছি। কিন্তু ইহা সত্য নয় যে আমরা শরীর, মন ও বৃদ্ধির উপর কোন গু(ত্ব আরোপ করি নাই। অন্যেরা শুধু শরীরের উপর গু(ত্ব আরোপ করিয়াছে, সুতরাং আত্মা সম্পর্কে আমাদের বি(-ষণ অপূর্ব ও অতুলনীয়। কখনও হয়তো এই ধারণা হইয়া থাকিতে পারে যে আমরা শুধু আধ্যাত্মিক চিন্তাই করিয়াছি এবং জীবনের অপরাপর উপাদান সম্পর্কে আমরা উদাসীন। একটি অবিবাহিত ত(ণ শুধু তাহার মায়ের কথাই ভাবে। কিন্তু বিবাহের পর সে মাতা ও বধূ উভয়ের কথাই চিন্তা করে এবং তাহাদের উভয়ের প্রতিই যথোচিত কর্ত্তব্য পালন করিয়া থাকে। এখন কেহ যদি বলে যে এই ব্যক্তি(র মায়ের প্রতি ভালবাসা নাই তবে তাহা ঠিক হইবে না। পত্নী প্রথমে শুধু পতিকেই ভালোবাসে কিন্তু সন্তান লাভের পর সে স্বামী এবং সন্তান উভয়কেই ভালবাসে। কখনও কখনও কোন অবিবেচক স্বামী মনে করে যে স্ত্রী তাহাকে সন্তান লাভের পর অবহেলা করিতেছে। কিন্তু ইহা সত্য নহে, যদি ইহা সত্য হয় তবে বুঝিতে হইবে যে সেখানে বিকৃতি ঘটিয়াছে এবং স্ত্রী তাহার কর্ত্তব্যচ্যুত হইয়াছে।

ঠিক সেইভাবে যখন আমরা আত্মার কথা চিন্তা করা প্রয়োজন মনে করি তখন আমরা শরীরকে অবহেলা করি না। উপনিষদ দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করিয়াছে, ''নায়মাত্মা বলহীনেন লভ্য'' অর্থাৎ দুর্বল ব্যক্তি(আত্মার উপলব্ধি করিতে পারে না। অথবা ''শরীর দ্বারাই ধর্ম আচরণ সম্ভব''। আমাদের ও পাশ্চাত্যের চিন্তাধারার মধ্যে প্রধান পার্থক্য এই যে তাহারা শরীর ও তাহার সন্তুষ্টিকেই আদর্শ জ্ঞান করে এবং আমরা শরীরকে আমাদের ল(্যে পৌঁছিবার উপায় মনে করি। আমরা শরীরের উপযোগিতা বলিতে ইহাই বুঝি। আমাদের দৈহিক সন্তুষ্টি সাধনের প্রয়োজন আমরা অবশ্যই অনুভব করি কিন্তু ইহাকেই কর্তব্যের আদর্শ আমরা সম্মুখে আছে—শরীরের প্রয়োজন পরিপূরণ, হৃদয়ের প্রসার, বুদ্ধির বিকাশ ও আত্মার উন্নতিসাধন। ইহাতেই মানুষ পূর্ণরূপে প্রকটিত হয়। ধর্ম, অর্থ, কাম ও মো(চারিটি পু(যার্থ বা মানবীয় প্রয়াস। পুরযার্থ অর্থ সেই প্রচেষ্টা যাহা মানুষের উপযুক্ত(। ধর্ম, অর্থ, কাম ও মো(লাভের আদর্শ মানুষের আজন্ম সংস্কার এবং ইহার পরিপূরণ তাহাকে পরমানন্দ দান করে।

এই চারিটি প্রচেষ্টাকেই আমরা অভিন্নভাবে চিন্তা করিয়াছি। যদিও মো(এই চারিটি প্রচেষ্টার মধ্যে শ্রেষ্ঠ বলিয়া স্বীকৃত হইয়াছে তথাপি শুধু মো(লাভের চেষ্টা মানুষের আত্মার প(ে কল্যাণকর বলিয়া বিবেচিত হয় নাই। প(ান্তরে যে লোক

ফলের জন্য ব্যাকুল না হইয়া কর্মে রত থাকে নিশ্চয়ই সে অতি সহজে মো(লাভ করে।

যাহাকে অর্থনৈতিক নীতি বলা হয় তাহা অর্থের আওতায় আসে। প্রাচীন মত অনুযায়ী বিচার ও শান্তিও ইহার অন্তর্গত। কাম অর্থ বিভিন্ন স্বাভাবিক ইচ্ছার পরিপূরণ, ধর্ম্ম কতকগুলি নীতি ও নিয়মের সমষ্টি, যাহা সামাজিক আচরণ, অর্থ ও কামকে নিয়ন্ত্রিত করিয়া অভিন্ন ও সুশৃঙ্খল জীবন বিকাশের সহায়ক হয়। ইহার দ্বারা শুধু অর্থ ও সুখই নহে, পরিণামে মো(প্রাপ্তিও সম্ভবপর হয়।

এইভাবে যদিও ধর্ম অর্থ ও কামকে নিয়ন্ত্রিত করে তথাপি এই তিনটি পু(ষার্থই পরস্পরের সহিত অঙ্গাঙ্গীভাবে যুক্ত(ও পরস্পরের পরিপূরক। ধর্ম লাভে সহায়তা করে। ব্যবসায়েও সততা, সংযম, সত্যবাদীতা ইত্যাদির প্রয়োজন হয় যাহা ধর্মীয় অনুশাসন মাত্র। এই গুণাবলী না থাকিলে মানুষ অর্থ উপার্জন করিতে পারে না। একজন অধর্ম দ্বারা অর্থ উপার্জন করিতে পারে কিন্তু তাহাতে তাহার অর্থ ও কাম (Money and pleasure) প্রাপ্তি ঘটে না। ইহা স্বীকার করিতেই হইবে যে ধর্মই অর্থ ও সুখলাভের উপায়। আমেরিকাবাসীরা ঘোষণা করিয়াছে, Honesty is the best business policy—সত্যই শ্রেষ্ঠ ব্যবসায়ীর পদ্ধতি। ইউরোপবাসীরা বলে, Honesty is the best business policy—সততাই সর্বশ্রেষ্ঠ উপায়। আমরা আরও এক পদ অগ্রসর হইয়া বলিয়াছি, Honesty is not a policy but a Principal–সততা উপায় বা পদ্ধতি নয়—সততা একটি নীতি বা আদর্শ। আমরা এজন্য সেই ধর্মে বি(াস করি না যাহা অর্থ উপার্জনের উপায়। আমরা ধর্মে বি(াস করি এইজন্য যে ইহা সভ্য জীবনের মূলনীতি বা আদর্শ।

কাম বা সুখ লাভের একমাত্র উপায় ধর্ম। সুখাদ্য উৎপাদনের পর তাহা কখন, কোথায়, কেমনভাবে ও কি পরিমাণে দেওয়া উচিত তাহা একমাত্র ধর্মের দ্বারাই নির্দ্ধারিত হইতে পারে। যদি একজন অসুস্থ ব্যক্তি(একজন সবল ব্যক্তি(র খাদ্য গ্রহণ করে বা একজন সুস্থ ব্যক্ত(রোগীর পথ্য আহার করে তবে তাহাতে উভয়েরই অসুবিধা হইতে বাধ্য। ধর্ম মানুষের প্রবৃত্তিকে সংযত করে এবং স্থির করিয়া দেয় যে—ইহা তাহাকে পরিতৃপ্ত নয়—ইহা তাহার উপযোগী হইবে কিনা! এই কারণেই ধর্মকে আমাদের সংস্কৃতিকে সর্বোচ্চ স্থান দান করা হইয়াছে।

ধর্ম একান্ত প্রয়োজনীয় ও অপরিহার্য্য কিন্তু ইহা বিস্মৃত হইলে চলিবে না যে অর্থ ভিন্ন ধর্মাচরণ অসম্ভব। একটি প্রবাদ আছে যে বুভু(যে, সে সকল প্রকার অন্যায় কার্য করিতে পারে। বি(ামিত্রের মত ঋষিও (ুধার জ্বালায় চণ্ডালের গৃহে চুরি করিয়া কুকুরের উচ্ছিষ্ট মাংস ভ(ণ করিয়াছিলেন। সুতরাং আমাদের উপদেশ দেওয়া হইয়াছে যে সর্বদা অর্থ উৎপাদন করিতে হইবে কারণ অর্থ ধর্ম্মকে শক্তি(শালী করে। ঠিক এই মতই সরকারকে আইন ও শৃঙ্খলা র(া করিয়া উৎশৃঙ্খলতা নিবারণ করিতে

হইবে কারণ উৎশৃঙ্খলতা ধর্ম্মনাশের কারণ হয়। বিশৃঙ্খলা অরণ্যের নীতি আনয়ন করে—যেখানে সকলে দুর্বলকে পীড়ন ও শোষণ করে। সুতরাং রাজ্যের স্থায়িত্ব ধর্ম বা আদর্শ র(ার জন্য অপরিহার্য্য। এজন্য শি(া, চরিত্রগঠন, আদর্শের প্রসার এবং উপযুক্ত(অর্থনৈতিক ব্যবস্থা একান্ত প্রয়োজনীয়।

সরকারও অর্থের আওতার মধ্যেই আসে। রাজ্যের হস্তে প্রভূত শক্তি(কেন্দ্রীভূত হইলে তাহা ধর্মের বা আদর্শের (তির কারণ হয়। বলা হইয়াছে যে রাজা তাহার প্রজাপুঞ্জের প্রতি অতি কঠোর বা অতিরিক্ত(কোমল হইবেন না। অতি কঠোর নীতির ফলে জনমনে বিদ্রোহের ভাব সৃষ্টি হয়। রাজ্য যখন ধর্মের ন্যায়সহগত অধিকার হরণ করে তখন এই বিপদের সম্ভাবনা দেখা দেয়। এই কারণেই অত্যাচারী রাজ্যে ধর্ম্মের অবনতি ঘটে।

যখন রাজ্য রাজনৈতিক ও আর্থিক সমস্ত (মতা গ্রাস করে তখন তাহার পরিণাম ধর্মের অবসান। এইভাবে যদি রাজ্য অমিত শক্তি(র অধিকারী হয় তবে সমাজ সবকিছুর জন্য সরকারের মুখাপে(ী হয়। রাজ্যের কর্মচারীবৃন্দ তাহাদের কর্তব্যে উদাসীন এবং অন্যায়ভাবে অর্থ আহরণে আগ্রহী হয়। রাজ্যের হস্তে প্রভূত শক্তি(কেন্দ্রীভূত হওয়াই এই সকল দুষ্কৃতির কারণ। এইজন্য এই উভয়বিধি উপায়ে অর্থকে প্রাধান্য দেওয়া অনুচিত।

কাম বা সুখ সম্বন্ধেও এইভাবে চিন্তা করিতে হইবে। যদি শারীরিক প্রয়োজন অস্বীকৃত এবং ইচ্ছা সম্পূর্ণ অবদমিত হয় তবে ধর্মের বিকাশ ঘটে না। যদি কেহ অনাহারে থাকে তবে তাহার দ্বারা ধর্ম আচরিত হয় না। যে চা(কলা, যাহা মনকে পরিতৃপ্ত করে, যদি তাহার বিকাশের সুযোগ না থাকে তবে সুসভ্যতার সমাজ সৃষ্টি সম্ভব হয় না। ইহাকে মানসিক বিকার ঘটে ও ধর্ম অবহেলিত হয়। প(ান্তরে যদি রোমের সামন্ততান্ত্রিক লোভ অথবা যথাযথ স্পর্শানুসুখের আকাঙ্খা সমাজে পরিব্যাপ্ত(হয় তবে কর্ত্তব্য বিস্মৃত হয়। সুতরাং ধর্মের সহিত সঙ্গতি করিয়া সুখভোগ করিতে হইবে।

আমরা এইভাবে ব্যক্তি(র জীবন একান্তভাবে বিচার করিয়াছি। আমরা শরীর, মন, বুদ্ধি ও আত্মার সমভাবে বিকাশের আবশ্যকতা উপলব্ধি করিয়াছি। মানুষের নানারূপ আশা ও আকাঙ্খা পূরণের চেষ্টাকে সংঘর্ষমূলক বলিয়া আমরা অনুভব করি না। ব্যক্তি(র চার পু(ষার্থ তাহার পূর্ণরূপে বিকশিত হইবার উপায় মাত্র। এই একান্ত মানবতার বিকাশই আমাদের ল(্য।

তৃতীয় অধ্যায়

ব্যক্তি সমাজ ও জাতি

ব্যক্তি(ত্বের বিভিন্ন দিক আছে এবং ব্যক্তি(র বিভিন্ন প্রকার প্রয়োজন রহিয়াছে। পূর্ণ ব্যক্তি(ত্ব গড়িয়া তুলিবার জন্য তাহার বিভিন্ন চাহিদা সুষ্ঠুভাবে পূরণের উদ্দেশে সমস্ত স্তরে কতগুলি বিশেষ প্রচেষ্টার প্রয়োজন। ইহা অবশই বিবেচিত হইয়াছে। কিন্তু মানুষ শুধু একক ব্যক্তি(নহে। শরীর, মন, বুদ্ধি ও আত্মার দ্বারা গঠিত ব্যক্তি(শুধু একটি মাত্র আমি নয়, ইহা সামগ্রিকভাবে 'আমরা'। অতএব আমাদের গোষ্ঠী বা সমাজ সম্বন্ধেও চিন্তা করিতে হইবে।

ইহা অতি সরল সত্য যে সমাজ কতকগুলি ব্যক্তি(র সমষ্টি। কিন্তু কিভাবে এই সমাজের সৃষ্টি হইল? দার্শনিকেরা এ বিষয়ে বহুমত প্রকাশ করিয়াছেন। পাশ্চাত্যে যে সকল মত প্রচারিত তাহা সংক্ষে পে—

অর্থাৎ সমাজ কতগুলি ব্যক্তি(র সমষ্টি যাহা ব্যক্তি(গণের মধ্যে একটি চুক্তি(র দ্বারা প্রতিষ্ঠিত হইয়াছে। এই মতে ব্যক্তি(কে অত্যধিক প্রাধান্য দেওয়া হয়। যদি পাশ্চাত্য মতবাদের মধ্যে পার্থক্য থাকে তবে তাহা এই যে যদি ব্যক্তি(সমাজগঠন করিয়া থাকে তবে কাহার হস্তে প্রকৃত (মতা ন্যস্ত হইবে? ব্যক্তি(না সমাজে? ব্যক্তি(র কি সমাজ পরিবর্ত্তনের অধিকার আছে? সমাজ কি ব্যক্তি(র উপর বিভিন্ন বিধিনিষেধ আরোপ করিতে পারে? ব্যক্তি(এই সকল প্র্ন সম্পর্কে সম্পূর্ণ স্বাধীন?

ব্যক্তি(বনাম সমাজ

পাশ্চাত্যে এই প্র্নে গু(তর মতভেদ আছে। কেহ কেহ সমাজকে সর্ব(মতার অধিকারী বলিয়া মনে করেন এবং ইহা হইতে একটি সংঘের সৃষ্টি হইয়াছে। প্রকৃত সত্য ইহাই যে বক্তি(সমাজের প্রতিষ্ঠা করিয়াছে এই ধারণা ভ্রান্ত। ইহা সত্য যে সমাজ কতগুলি ব্যক্তি(র সমষ্টি তথাপি ইহা মনুষ্যসৃষ্ট নহে অথবা শুধু কতকগুলি ব্যক্তি(র পরস্পরের সান্নিধ্যের ফলেও ইহা ঘটে নাই।

আমাদের মতে সমাজ স্বয়ম্ভূ! ব্যক্তি(র ন্যায় সমাজের প্রতিষ্ঠাও প্রকৃতিগত। মানুষ সমাজ সৃষ্টি করে না। ইহা কোন কোম্পানী, ক্লাব বা সমবায় সমিতির মত নয়। বাস্তবে সমাজ একটি আত্মসচেতন সত্বা। ইহা ব্যক্তি(র ন্যায় সার্বভৌম (মতার অধিকারী। ইহা একটি প্রাকৃতিক সত্বা। আমরা একথা কখনও স্বীকার করি নাই যে সমাজ একটি যথেচ্ছ রচিত সংস্থা। ইহার নিজস্ব প্রাণ আছে। সমাজেরও শরীর, মন, বুদ্ধি ও আত্মা বর্ত্তমান। কিছু কিছু পাশ্চাত্য মনস্তত্ত্ববিদ আজকাল এই সত্য স্বীকার করিতেছেন। ম্যাকডু গাল ''গোষ্ঠিমন'' নামে একটি মনস্তাত্ত্বিক চিন্তাধারা প্রবর্তন করিয়াছেন। তিনি স্বীকার করিয়াছেন যে গোষ্ঠির একটি নিজস্ব মন, মনস্তত্ত্ব, চিন্তার ধারা এবং বর্ত্তমান আছে।

গোষ্ঠির অনুভূতিও রহিয়াছে। ইহা ঠিক ব্যক্তি(র অনুভূতির মত নহে। গোষ্ঠির অনুভূতি গণিতের নিয়ম অনুযায়ী কতকগুলি ব্যক্তি(র অনুভূতির যোগফল মাত্র একথা কখনই বলা চলে না। গোষ্ঠির শক্তি(ও ব্যক্তি(র সামূহিক শক্তি(নহে। একটি গোষ্ঠির বুদ্ধি, আবেগ, উৎসাহ এবং শক্তি(ব্যক্তি(র গুণাবলী হইতে মূলগতভাবে পৃথক। এই কারণেই অনেক সময় দেখা গিয়াছে যে একজন দুর্বল ব্যক্তি(তাহার শারীরিক শক্তি(র অভাব সত্ত্বেও সমাজের বীর সন্তানরূপে পরিগণিত হইয়াছে। অনেক সময় কোন ব্যক্তি(তাহাব ব্যক্তি(গত অপমান সহ্য করিলেও গোষ্ঠির প্রতি অপমান সহ্য করিতে পারে না। অনেক ব্যক্তি(তাহার প্রতি ব্যক্তি(গত কটুক্তি(গ্রাহ্য করিলেও তাহার সমাজের প্রতি কটূক্তি(কখনই বরদাস্ত করিবে না। এমনও হইতে পারে যে একজন লোক তাহার ব্যক্তি(গত জীবনে অত্যন্ত সৎ হইলেও সমাজের সভ্য হিসাবে সকল প্রকার অপকর্ম করিতে প্রস্তুত। এইরূপে কোন ব্যক্তি(ব্যক্তি(গত জীবনে অসৎ কিন্তু সামাজিক জীবনে সৎ হইতে পারেন। ইহা একটি গু(ত্বপূর্ণ বিষয়।

আমি আপনাদের একটি উদাহরণ দিব। একবার সর্ব্বোদয় নেতা বিনোবাভেজীর সহিত রাষ্ট্রীয় স্বয়ং ও সেবক সংঘের নেতা শ্রী গু(জীর কথোপকথনকালে একটি প্র্ন দেখা দিল যে হিন্দু ও মুসলমান চিন্তাধারার পার্থক্য কোথায়? গু(জী বিনোবাভেজী কে বলিলেন যে সকল সমাজেই সৎ ও অসৎ ব্যক্তি(বর্তমান। হিন্দু ও মুসলমান সমাজে বহু সৎ ও ভাল লোক আছেন। ঠিক সেইরূপ উভয় সমাজে গুণ্ডা ও বদমায়েসের অভাব নাই। ভালোতে কোন সমাজেরই একচেটিয়া অধিকার নয়। যাহা হউক যখন কোন হিন্দু গুণ্ডা একটি স্থানে সকলের সহিত মিলিত হয় তখন সে ভাল জিনিসই চিন্তা করে। প(ান্তরে, যখন দুইজন ভাল মুসলমানও সমাজে একত্র হয় তখন তাহারা এমন সকল প্রস্তাব করে বা এমন বিষয় সমর্থন করে যাহা তাহারা বক্তি(গতভাবে কখনই চিন্তাই করিতেন না। ইহা প্রাত্যহিক অভিজ্ঞতা। বিনোবাভেজী স্বীকার করেন যে এই অভিমত মূলতঃ সত্য কিন্তু ইহার কারণ তিনি যুক্তি(দ্বারা বিশ্লে-ষণ করিতে পারেন নাই।

এই অবস্থা বিবেচনা করিলে আমরা বুঝিতে পারিব যে ব্যক্তি(র চিন্তার ধারা এবং সমাজের চিন্তাধারার মধ্যে সর্বদা পার্থক্য রহিয়াছে। এই দুইটির মধ্যে কোন পাটিগণিতের সম্পর্ক নাই। যদি হাজারটি ভালো লোকও একত্রিত হন তবুও একথা বলা যায় না যে তাহারা ভালো কথাই ভাবিবেন।

আজকাল সাধারণ ভারতীয় ছাত্ররা প্রায়ই নম্র ও লাজুক। গত বিশ বৎসর পূর্ব্বের ছাত্রদের তুলনায় তাহারা কৃশ ও দুর্বলতর। কিন্তু যখন এই ছাত্ররা সমবেত হয় তখন অবস্থা গু(তর হইয়া দাঁড়ায়। তখন তাহারা নানা প্রকার দায়িত্বহীন কাজে রত হয়। সুতরাং একটি ছাত্র নিয়মানুবর্তী হইতে পারে, কিন্তু একটি ছাত্রদল বিশৃঙ্খল। ইহাকে ব্যক্তি(গত মনোভাবের পরিবর্তে Mobmentality নামে অভিহিত করা হয়। এটি জীবনের একটি (দ্র দিক।

দার্শনিকত্ব এই যে একটি জনসমষ্টি একত্রে বহুদিন বসবাস করিলে ঐতিহাসিক পরম্পরা ও সাহচর্য্যের ফলে তাহারা একইভাবে চিন্তা করিতে আরম্ভ করে এবং একই প্রকার রীতি নীতিতে অভ্যস্ত হইয়া উঠে। ইহা সত্য যে একত্র বসবাসের ফলে কতকটা সাদৃশ্য দেখা দেয়। দুইটি সমমনোভাবাপন্ন ব্যক্তি(র মধ্যে সখ্য প্রতিষ্ঠিত হয়। কিন্তু একটি সমাজ বা একটি জাতি শুধু একত্র বসবাসের ফলে গড়িয়া উঠে না।

কেন অতীতের পরাত্র(মী জাতিগুলি বিনষ্ট হইল?

সকলেই জানেন যে অতীতের বহু জাতির আজ আর কোন অস্তিত্ব নেই। প্রাচীন গ্রীক জাতি আজ লুপ্ত। মিশরীয় সভ্যতাও সেইভাবে ধ্বংস প্রাপ্ত। ব্যাবিলন ও সিরিয়ার সভ্যতা আজ অতীতের ইতিহাস। এইভাবে বহু জাতি নিশ্চিহ্(হয়ে গিয়াছে। এইসকল দেশের নাগরিকেরা কখনও একত্রে বসবাস করিয়াছে এমন ঘটনা তো ঘটে নাই। ইহার একমাত্র কারণ সেখানে জনগণের মধ্যে এমন পার্থক্য সৃষ্টি হইয়াছিল যাহাতে এই সকল জাতি বিনষ্ট হয়।

গ্রীস আলেকজান্ডার ও হেরোডোটাস, ইউলিসিস ও এরিষ্টোটল, পে-টো ও সত্রে(টিসের জন্মভূমি এবং বর্ত্তমান গ্রীসের অধিবাসীবৃন্দ সেই একই দেশের সন্তান। তাহাদের দেশ কখনও জনশূন্য হয় নাই বা কোন নূতন জাতিও সেখানে বসবাস করে নাই। বর্ত্তমান গ্রীসের অধিবাসীদের পূর্বপু(ষদের সন্ধান করিতে গেলে ২৫০ হইতে ৫০০ পু(ষ অতীতে যাইতে হইবে। তা সত্ত্বেও প্রাচীন গ্রীস জাতি আজ লুপ্ত। এই সকল দেশে নতুন জাতীয়তা গড়িয়া উঠিয়াছে। ইহা কি প্রকারে হইল? একত্র বসবাসের ফলে কোন জাতি গঠিত হয় না। ইজরাইলের ইহুদীরা হাজার বৎসরের অধিককাল তাহাদের স্বদেশ হইতে বিতারিত হইয়া বাহিরের বিভিন্ন জাতির লোকদের সহিত বসবাস করিয়াও তাহাদের জাতীয় সত্বা অ(ুন্ন রাখিয়াছে। অতএব ইহা পরিষ্কার যে জাতীয় প্রেরণার মূল উৎস সম বাসভূমিতে নহে, অন্য কোন কিছুতে নিহিত আছে।

জাতি কাহাকে বলে

